ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



'কাজরা' গানে 'বউমা' ঐশ্বরিয়ার সঙ্গে নাচ, মুখ খুললেন অমিতাভ — পৃঃ ৫



এমবাপ্পের জোড়া গোলে পিএসজির জয় — পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৪১ ● কলকাতা ● ১৪ ভাদ্র, ১৪৩০ ● শুক্রবার ● ০১ সেপ্টেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## হিন্দু ও জৈন ছাত্রীদের হিজাব পড়া

## বাধ্যতামূলক নয়, জানাল মধ্যপ্রদেশ হাইকোর্ট




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হিন্দু ও জৈন ছাত্রীদের হিজাব পড়া বাধ্যতামূলক নয়। মধ্যপ্থেদেশের একটি বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলে একটি ফ্লেক্সে সাফলেয়র খতিয়ানে হিন্দু ও জৈন ছাত্রীদের হিজাব পড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে আদালতে। সেই অভিযোগের ভিত্তিতে বুধবার এমনই রায় ঘোষণা করল মধ্যপ্রদেশ হাইকোর্ট। গতকাল ওই বেসরকারি স্কুলের কর্তৃপক্ষকে বেল দেয় আদালত।এই খবর চাউর হতেই শোরগোল পড়ে যায় গোটা রাজ্যে। মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ চৌহান ওই স্কুলের সমালোচনা করেন। একইসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রকের তরফে এই ঘটনার তদন্ত করে কড়া ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। এদিন এই মামলার শুনানিতে ৫০ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে ওই তিনজনকে জামিন দেয় মধ্যপ্রদেশ হাইকোর্ট। একইসঙ্গে আদালত জানায়, স্কুল প্রাঙ্গন চত্বরে কোনও ছাত্রীকে জোর করে হিজাব পড়ানো যাবে না।

এই ঘটনায় মধ্যপ্রদেশের দামোর এক বেসরকারি স্কুল গঙ্গা যমুনা উচ্চ বিদ্যালয়ের তিনজন কর্মী আফশা শেখ, অনস আতাহার এবং রুস্তম আলিকে জামিন দেওয়া

এরপর ৩ পাতায়

## আচমকা বিশেষ অধিবেশন ডাকল কেন্দ্র




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংসদের বাদল অধিবেশন। এর পরে ডিসেম্বরের গোড়ায় শীতকালীন অধিবেশন শুরু হওয়ার কথা। তার মাঝেই আগামী ১৮ সেপ্টেম্বর থেকে পাঁচ দিনের জন্য সংসদের বিশেষ অধিবেশন ডাকল কেন্দ্র। সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী বৃহস্পতিবারই সেই ঘোষণা করেছেন। তিনি এক্স (সাবেক টুইটার)-এর মাধ্যমে জানিয়েছেন, আগামী ১৮ সেপ্টেম্বর থেকে বসবে সংসদের বিশেষ অধিবেশন।প্রসঙ্গত, শারদীয়ার আগে যে সপ্তাহে সংসদে বিশেষ অধিবেশন ডাকা হয়েছে সেখানেও উতসবের আবহ থাকবে। কারণ, ১৭ সেপ্টেম্বর বিশ্বকর্মা পুজো আর ১৯ সেপ্টেম্বর গণেশ চতুর্থী। গোটা দেশেই সেই সময়ে কয়েক দিন ধরে চলে উতসব। আর তখনই কেন সংসদে অধিবেশন? গত বাদল অধিবেশনেই কেন্দ্র 'অভিন্ন দেওয়ানি বিধি' নিয়ে সংসদে বিল আনতে পারে বলে জানা গিয়েছিল। শেষ পর্যন্ত তা হয়নি। মণিপুর পরিস্থিতি এবং বিরোধীদের আনা অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনাতেই শেষ হয়ে যায় বাদল অধিবেশন। তবে কি বিশেষ অধিবেশন ডেকে তেমনই কোনও বিল আনতে চান নরেন্দ্র মোদী, অমিত শাহেরা?

তবে অনেকে আবার এমনটাও মনে করছেন যে, আচমকা বিশেষ অধিবেশন ডাকা হলেও তার পিছনে কোনও গুরুত্বপূর্ণ বিল আনার মতো বিষয় না-ও থাকতে পারে। তার পরিবর্তে কেন্দ্রের তরফে কোনও কর্মসূচি নিয়ে আলোচনা হতে পারে সংসদে। আবার সদ্য শেষ হওয়া নতুন সংসদ ভবনে স্থায়ী ভাবে অধিবেশন নিয়ে যাওয়ার কাজটিও হতে পারে গণেশ চতুর্থীর শুভলগ্নে। সেই কারণেই হয়তো এই সময়টাকেই বেছে নেওয়া হয়েছে বিশেষ অধিবেশনের জন্য।পাঁচ দিনের অধিবেশন শেষ হবে ২২ সেপ্টেম্বর। কী কারণে এই অধিবেশন, তা অবশ্য স্পষ্ট করেননি কেন্দ্রীয় মন্ত্রী। তিনি শুধু জানিয়েছেন,

এরপর ৩ পাতায়

## মমতার সঙ্গে স্পেনে যেতে চান কুণাল,

## আপত্তি করল সিবিআই, প্রশ্ন হাইকোর্টেরও




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সেপ্টেম্বরে স্পেন সফরে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ।মুখ্যমন্ত্রীর ওই সফরে সামিল হতে চান তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ ।

সিবিআইয়ের উদ্দেশে বিচারপতি বাগচী বলেন, '৫-৭ দিনের জন্য যদি যেতে চান তা হলে অসুবিধা কোথায়? তিনি তো আর পালিয়ে যাচ্ছেন না।' এবিষয়ে কুণাল বলেন, 'আগেও আদালত থেকে অনুমতি নিয়ে বিদেশ সফরে গিয়েছি। এবারেও নিয়ম মেনে আদালতে আবেদন জানিয়েছিলাম। সিবিআই আপত্তি জানিয়েছে। আদালত ওদের রিপোর্ট জমা দিতে বলেছে।' কুণাল ঘোষের এই সফরে সিবিআইয়ের কী আপত্তি রয়েছে তা জানতে চেয়ে হলফনামা চেয়েছে আদালত। সূত্রের খবর, দুপুরে ফের এজলাসে ওঠে মামলাটি। আগামীকাল শুক্রবার সকালে মামলার পরবর্তী শুনানি হবে ।সারদা মামলায় কুণাল এখন জামিনে রয়েছেন। তাঁর পাসপোর্ট জমা রয়েছে। যে কারণে বিদেশ সফরের অনুমতি চেয়ে হাইকোর্টে আবেদন জানিয়েছিলেন কুণাল ঘোষ।বৃহস্পতিবার ওই মামলার শুনানিতে কুণালের বিদেশ যাত্রায় আপত্তি করল সিবিআই। কেন্দ্রীয় এজেন্সিকে এবিষয়ে লিখিতভাবে নিজেদের

এরপর ৩ পাতায়







## সুপ্রিম' ছাড়পত্র না এলে

# প্রাথমিকের চাকরি সম্ভব নয়, ব্রাত্যকে পাশে নিয়ে স্পষ্ট করলেন পর্ষদ সভাপতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আদালতের মামলার জটে আটকে রয়েছে প্রাথমিকের শিক্ষক নিয়োগ প্রক্রিয়া। সেই কথাই এদিন আরও একবার স্মরণ করিয়ে দিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে পাশে নিয়ে পর্ষদ সভাপতি গৌতম পাল জানিয়ে দিলেন, সুপ্রিম কোর্টের থেকে ছাড়পত্র না আসা পর্যন্ত প্রাথমিকের চাকরির ব্যবস্থা করা যাচ্ছে না।এরপর প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পালের বক্তব্যে সমর্থন জানালেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুও। জানালেন, " সুপ্রিম কোর্টের জন্য আমরা এখনও আটকে আছি। সুপ্রিম কোর্টের নির্দেশ এলেই আমরা সঙ্গে সঙ্গে পদক্ষেপ করব।" অর্থাত প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি ও রাজ্যের শিক্ষামন্ত্রী উভয়েই এদিন আবারও বুঝিয়ে দিলেন রাজ্য সরকার চাকরিপ্রার্থীদের নিয়োগ দিতে আগ্রহী, তাঁরা কেবল আদালতের নির্দেশের অপেক্ষায় রয়েছেন।পর্ষদ সভাপতির বক্তব্যে সমর্থন জানালেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুও। রাজ্য সরকার ও রাজ্যের প্রাথমিক শিক্ষা পর্ষদ যে চাকরি দেওয়ার বিষয়ে বরাবরই আগ্রহী, সেই কথাও এদিন স্পষ্ট করে দিলেন বোর্ডের সভাপতি গৌতম পাল। কিন্তু প্রাথমিক টেটের ২০১৪ সালের ব্যাচের চাকরিপ্রার্থী ও ২০১৭ সালের পরীক্ষার ব্যাচের চাকরিপ্রার্থীরা যে নিজেদের মধ্যেই আইনি লড়াইয়ে নেমে গিয়েছে, সেই কথাও বললেন প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি।প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পাল বললেন, "সরকার চাকরি দিতে চাইছে। আমি দলে দলে প্রতিদিন চাকরিপ্রার্থীদের সঙ্গে কথা বলছি। ২০১৪ সালের ব্যাচ আসছে। তারা বলছে, শুধু আমাদের দিন স্যর, ২০১৭ সালের ব্যাচকে দেবেন না। আবার ২০১৭ সালের ব্যাচও আসছে। তারা বলছে, স্যর শুধু আমাদের দিন, ২০১৪ সালের ব্যাচকে দেবেন না। তারা একে অপরের বিরুদ্ধে কোর্টে চলে যাচ্ছে। বোর্ডের বিরুদ্ধে নয়, বোর্ডকে পার্টি করা হচ্ছে।" একইসঙ্গে তিনি আরও বললেন, "সুপ্রিম কোর্টের ছাড়পত্র না পেলে আমরা পয়ানেল প্রকাশ করতে পারছি না। আশা করছি শীঘ্রই ছাড়পত্র পাবে।"

## নিশ্চিদ্র নিরাপত্তায় ধূপগুড়ির উপনির্বাচন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পঞ্চায়েত নির্বাচনে সীমাহীন সন্ত্রাসের কারণেই ফল ভাল হয়নি বলে দাবি বাম, বিজেপি এবং কংগ্রেসের। সকলেরই অভিযোগ তৃণমূলের সন্ত্রাসের কারণেই সাধারণ মানুষ ভোট দিতে পারেননি। এই পরিস্থিতিতে নজিরবিহীন নিরাপত্তার মধ্যে জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি বিধানসভার উপনির্বাচন হতে চলেছে। ঘটনা হল রাজ্যে পঞ্চায়েত নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে বিস্তর টালবাহানা হয়েছে।কংগ্রেসের সমর্থনে সেখানে জিতে যাবে বামেরা, এমনটা কেউ মনে করছেন না। তবে বামেরা দ্বিতীয় স্থানে উঠে আসলে সেটাই নিঃসন্দেহে বড় চমক হবে। অন্যদিকে উত্তরবঙ্গের মাটি বিজেপির শক্ত ঘাঁটি বলে চিহ্নিত। তাই ধূপগুড়ি আসনটি ধরে রাখা বিজেপির প্রধান লক্ষ্য। আর তৃণমূলও এই উপনির্বাচনে জিতে রাজ্যে নিজেদের ভিত আরও শক্ত করতে চাইছে। এই আবহের মধ্যে দেখা যাচ্ছে কেন্দ্রীয় নির্বাচন কমিশন প্রথম থেকেই যেভাবে বিপুল সংখ্যক বাহিনী পাঠানোর কথা ঘোষণা করেছে তাতে ধূপগুড়ি উপনির্বাচন ঘিরে সন্ত্রাসের অভিযোগ না ওঠার সম্ভাবনাই বেশি। তাই প্রত্যাশা মাফিক সুষ্ঠ ভোট হলে শেষ পর্যন্ত কারা বাজিমাত করবে সেদিকেই চোখ থাকবে রাজনৈতিক মহলের।এই অবস্থায় ধূপগুড়ি বিধানসভার উপনির্বাচনে কড়া নিরাপত্তার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় নির্বাচন কমিশন। এই বিধানসভায় বুথের সংখ্যা ২৬০। সেখানে ৩০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। অর্থাত কেন্দ্রীয় বাহিনীর প্রায় তিন হাজার জওয়ানকে মোতায়েন করা হবে ওই বুথগুলিতে। প্রত্যেকটি বুথেই বেশ

এরপর ৩ পাতায়

## বিশ্বব্যাপী মেয়েদের ফুটবল খেলার আত্মবিশ্বাস এবং সুযোগ দেওয়ার জন্য

# ফিফার সাথে 'ব্রেকিং লিমিটস: গার্লস ক্যান' - সিরিজ শুরু করেছে রেক্সোনা

**রেক্সোনা ইন্ডিয়া, একটি শক্তিশালী আর্ট ইনস্টলেশন সমন্বিত ডিজিটাল এবং সামাজিক প্রচারাভিযান দ্বারা হাইলাইট করেছে যে ভারতে ১% এরও কম মেয়েরা ফুটবলে অংশগ্রহণ করে**




**Kolkata, August 31st, 2023: নিউজ সারাদিন** : বিশ্বের শীর্ষস্থানীয় ডিওড্রেন্ট ব্র্যান্ড রেক্সোনা (*নিলসেন আইকিউ দ্বারা ভেরিফাইড), ফিফার (FIFA)-এর মহিলা ফুটবল উদ্দেশ্যগুলির সমর্থনে আরও মেয়েদের ফুটবল খেলতে উৎসাহিত করার জন্য, ভারতে "ব্রেকিং লিমিটস: গার্লস ক্যান" সিরিজ লঞ্চ করেছে। রেক্সোনা জানে যে সমাজে প্রত্যেকের তাদের ইচ্ছামতো চলাফেরা করার আত্মবিশ্বাস নেই, তবে তারা এখনও বিশ্বাস করে যে আন্দোলন জীবনকে উন্নত করার ক্ষমতা রাখে। রেক্সোনার মিশন শুধু ডিওড্রেন্ট দিয়ে মানুষকে সতেজ রাখাই নয় বরং এটি আত্মবিশ্বাসকে পুনরায় সংজ্ঞায়িত করার লক্ষ্য নিয়ে অন্তর্ভুক্তি এবং পরিবর্তনের প্রচার করে।

এই উদ্যেশ্যটিকে আরও এগিয়ে নিতে, রেক্সোনা, 'ব্রেকিং লিমিটস' প্রোগ্রাম শুরু করেছে, এটি একটি বিনামূল্যে ডিজিটাল প্রশিক্ষণ সিরিজ যার লক্ষ্য হল প্রশিক্ষক, কমিউনিটি লিডার এবং পরামর্শদাতাদের কে আন্দোলন-ভিত্তিক প্রোগ্রামের মাধ্যমে কিশোর-কিশোরীদের মধ্যে আত্মবিশ্বাস এবং সুযোগ তৈরি করার জন্য প্রস্তুত করা। এই নতুন গার্লস ক্যান সিরিজটি মেয়েদের নিরাপদ পরিবেশ প্রতিষ্ঠা, আত্ম-সম্মান বৃদ্ধি এবং সমস্ত জাতিসত্তার জন্য অন্তর্ভুক্তি নিশ্চিত করার উপর ও ফোকাস করেছে।

রেক্সোনার নতুন ক্যাম্পেইন শুরু হচ্ছে এই সপ্তাহে। আশ্চর্যজনকভাবে, ভারতীয় মেয়েদের মধ্যে ১% এরও কম ফুটবল খেলে। এই ব্যবধানটি কলকাতার একটি শিল্পকর্মে মর্মস্পর্শীভাবে চিত্রিত করা হয়েছে যেখানে একশত সাদা জার্সির মধ্যে একটি গোলাপী শার্ট রয়েছে, যা শীর্ষ ১% প্রতিনিধিত্ব করে। জাতীয় ভারতীয় মহিলা দলের গোলকীপার অদিতি চৌহান, এবং ইনফ্লুয়েন্সাররা ইনস্টলেশনের সাথে ইন্টারঅ্যাক্ট করেছেন এবং বার্তাটিকে আরও ছড়িয়ে দিয়েছেন।

প্রচারাভিযানের ভিডিওটি সন্ধ্যা ডেইজি সুন্দরম দ্বারা পরিচালিত হয়েছিল, যেখানে অল্পবয়সী মেয়েদের সত্যিকারের বিবরণ দেখানো হয়েছে যারা পুরুষদের ফুটবল খেলতে দেখে এবং এমন একটি সংস্কৃতি ও ক্ষেত্রে সমান সুযোগ পাওয়ার ক্ষেত্রে তারা যে অসুবিধার সম্মুখীন হয় তা তুলে ধরে যেখানে খুব কম মহিলাই সফল হয়েছেন। সম্প্রতি প্রদর্শিত আর্ট পিস চরিত্র গুলিকে তাদের কৃতিত্ব, স্মৃতি এবং অনুভূতির মাধ্যমে পরিবহন করে, একটি আকর্ষণীয় অভিজ্ঞতা তৈরি করেছে।

জাতীয় ভারতীয় মহিলা দলের গোলকিপার অদিতি চৌহান বলেছেন, "আমি রেক্সোনা ইন্ডিয়ার সাথে কাজ করতে পেরে আনন্দিত, যা তরুণীদের আত্মবিশ্বাসের সাথে ফুটবল মাঠে প্রবেশ করতে উৎসাহিত করে। এই পার্টনারশিপ আমার নিষ্ঠার সাথে সম্পূর্ণভাবে সারিবদ্ধ, যা বিভিন্ন বাধাগুলি ভাঙতে এবং মেয়েদের ফুটবল খেলা কে উৎসাহিত করার এবং অন্যান্য সামাজিক নিয়মগুলি প্রত্যাখ্যান করতে পথ তৈরি করে। একসাথে, আমরা এমন একটি ভবিষ্যত তৈরি করতে পারি যেখানে প্রতিটি মেয়ের খেলাধুলার প্রতি ভালবাসাকে সমর্থন, অনুপ্রেরণা, দিকনির্দেশনা এবং সুযোগ থাকবে।"

হেড ইন্ডিয়া ওরাল কেয়ার অ্যান্ড ডিও, অশ্বথ স্বামীনাথন বলেছেন, "রেক্সোনা এমন একটি কোম্পানি যা খেলাধুলার রূপান্তরকারী শক্তিতে বিশ্বাস করে, যা তরুণ নারীর ক্ষমতায়ন এবং স্টেরিওটাইপ গুলো ভেঙে ফেলার জন্য একটি ফুটবলের দুর্দান্ত প্ল্যাটফর্ম প্রদান করে। আমরা মহিলাদের ফুটবল খেলতে উতসাহিত করতে প্রতিশ্রুতিবদ্ধ কারণ আমরা বিশ্বাস করি যে তাদের অন্য সবার মতো একই সুযোগ এবং সম্মান দেওয়া উচিত। আমাদের প্রোগ্রাম গুলোর মাধ্যমে, আমরা সামাজিক কলঙ্ক দূর করতে এবং এই তরুণ মহিলা ক্রীড়াবিদদের অনুপ্রাণিত করার আশা করি, তাদের বোঝাতে চাই যে তারা কখনই একা নয়। রেক্সোনা মেয়েদের জন্য অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করে, যা মেয়েদেরকে স্বপ্ন দেখতে এবং সমস্ত বাধা সত্ত্বেও মহানতা অর্জন করতে অনুপ্রাণিত করে।"

রেক্সোনা গ্লোবাল ব্র্যান্ডের ভিপি, ক্যাথরিন সোয়ালো বলেছেন, "বিশ্বের শীর্ষস্থানীয় অ্যান্টিপারস্পিরেন্ট এবং ডিওডোরেন্ট ব্র্যান্ড হিসাবে আমরা আন্দোলনের অন্তর্ভুক্তি প্রচার করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা এমন একটি সমাজ প্রতিষ্ঠা করতে চাই যেখানে প্রতিটি মেয়ের ফুটবল খেলার ক্ষমতা এবং আত্ম নিশ্চয়তা থাকবে। ফুটবলে মানুষকে একত্রিত করার এবং সহযোগিতাকে উৎসাহিত করার জন্য অসাধারণ সম্ভাবনা রয়েছে। এই কারণেই আমরা এই উচ্চাকাঙ্ক্ষার দিকে একটি সাহসী পদক্ষেপ হিসাবে ভারতে ব্রেকিং লিমিটস প্রোগ্রাম শুরু করতে পেরে উত্তেজিত।"

দ্য ব্রেকিং লিমিটস: গার্লস ক্যান সিরিজটির মাধ্যমে রেক্সোনা বিশ্ব জুড়ে ভালো পরিবর্তন নিয়ে আসতে সাহায্য করবে এবং কোম্পানিটি নিশ্চিত করবে যে তরুণরা সমস্ত বাধা অতিক্রম করে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুপ্রাণিত করে তাদের কল্পনা করা ভবিষ্যত গড়ে তুলতে পারে। ব্রেকিং লিমিটে ফিফার সাথে রেক্সোনার সহযোগিতা সম্পর্কে আরও জানুন: https://www.rexona.com/au/football-rexona-2023/

*২০১৯ ফিফা মহিলা ফুটবল রিপোর্ট এবং ২০১৯ ইউনিসেফ ডেটা ওয়ারহাউসের উপর ভিত্তি করে।




## মাটির নীচ থেকে মিলছে বড়-বড় হিরে,

# ভারতের এই গ্রামে উপচে-পড়া ভিড়, চলছে মাটি খোঁড়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : গোটা অন্ধ্র প্রদেশের বিইন্ন প্রান্ত থেকে কাতারে কাতারে মানুষ ছিটে আসছে এনটিআর জেলার গুডিমেটলা গ্রামে। গোটা গ্রামে এখন গিজগিজে ভিড়, তিলধারণের জায়গা নেই! কিন্তু কী আছে এই গ্রামে? মানুষের এত টান কিসের? কারণ শুনলে চোখ কপালে উঠবে! এই গ্রামে মিলছে হিরে।মাটির নীচে হিরে মিলেছে, এই খবর দাবানলের মত ছড়িয়ে পড়ে। গুডিমেটলা গ্রামে মানুষের ভিড় উপচে পড়ে! সবাই মাটি খুড়তে লেগেছে! যদি ফের কারও বরাতে হিরে মেলে! এ'কথাও চাউড় হয়, গ্রামের আরও দুই বাসিন্দাও নাকি মাটির তলা থেকে ২ টুকরো হিরে পেয়েছে। এরপরই আর বসে থাকেনি আশপাসের এলাকা, মায় রাজের অন্য প্রান্তের মানুষজন। সবাই ছুটে এসেছে সেই গ্রামে।

সময় নষ্ট না করে মাটি খুঁড়তে লেগে পড়ছেন সকলে। যদি হিরে পেয়ে যান। রাতারাতি গ্রামটি হিরের গ্রাম নামে পরিচিত হয়ে গিয়েছে।রাতে বাড়ির সামনে মাটি খুঁড়তেই প্রায় অজ্ঞান হয়ে যেতে বসেছিল গুডিমেটলা গ্রামেরই এক পরিবার। মাটির নীচে ও কী চকচক করছে? অন্ধকারেও আলো ঠিকড়ে বার হচ্ছে! কাছে যেতেই ঘাম ছোটার যোগাড়! মাটির নীচে জ্বলজ্বল করছে একটি ৬মুখি হিরে। হিরেটির দাম প্রায় ৬০ লক্ষ টাকা। পরিবারের সদস্যরা হিরেটি স্থানীয় এক হিরে ব্যবসায়ীর কাছে বিক্রি করতে গিয়েছিলেন। তিনি ৪০ লক্ষ টাকা দিতে চান। কিন্তু আরও বেশি দাম পাওয়ার আশায় পরিবার হিরেটি বিক্রি করেনি। কৃষ্ণা নদীর তীরে এই গ্রামে হিরে খোঁজার চল নতুন নয়। প্রতিবছরই বর্ষাকালে স্থানীয়রা হিরের খোঁজে গ্রাম ও গ্রামের আশপাশের এলাকায় মাটি খোঁড়া শুরু করেন। যদি হিরে পাওয়া যায় এই আশায়! স্থানীয়রা বিশ্বাস করেন, এই এলাকায় প্রচুর হিরে বহুকাল ধরে মাটির তলায় পোঁতা আছে। যে পরিবার ওই বিশাল হিরেটির খোঁজ পান।

## পানশালায় ঢুকে তাণ্ডবের অভিযোগ সাগরদিঘির

# তৃণমূল বিধায়কের বিরুদ্ধে, প্রতিবাদে সরব বিজেপি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পানশালায় ঢুকে বেপরোয়া মদ্যপান করে পানশালার কর্মী এবং অন্যান্য ক্রেতাদের মারধর করার গুরুতর অভিযোগ উঠেছে সাগরদিঘির তৃণমূল বিধায়ক বাইরন বিশ্বাসের বিরুদ্ধে। অভিযোগ, খবর পেয়ে ঘটনাস্থলে সাংবাদিকরা গেলে তাঁদের মোবাইল ফোন কেড়ে নেওয়া হয়।

পাশেই রয়েছে স্কুল। সেখানে কীভাবে সিঙ্গিং বারের অনুমতি মিলল? উঠেছে সেই প্রশ্নও। বিজেপির অভিযোগ, 'তৃণমূল মানে দুর্নীতি, তৃণমূল মানে গুন্ডাবাজি। লাগামছাড়া মদের লাইসেন্স দেওয়ার ফলেই বাইরনের মতো মদ্যপদের মাতলামী বেড়ে গিয়েছে।' পুলিশ পদক্ষেপ না করলে আরও বড় আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা। যদিও এবিষয়ে অভিযুক্ত বিধায়কের কোনও প্রতিক্রিয়া মেলেনি। তবে তৃণমূলের একটি সূত্রের দাবি, অতীতেও বাইরনের বিরুদ্ধে এমন অভিযোগ উঠেছিল। সেবারে দলের তরফে তাঁকে সতর্কও করা হয়েছিল।ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার শান্তিপুর গোবিন্দপুর ৩৪ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখায় বিজেপি। অভিযুক্ত তৃণমূল বিধায়ক বাইরন বিশ্বাস গ্রেফতার না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার হুঁশিয়ারি দেন তাঁরা।

পুলিশ ও স্থানীয় সূত্রে খবর, বুধবার গভীর রাতে শান্তিপুরের গোবিন্দপুরে একটি সিঙ্গিং বারে অনুগামীদের নিয়ে মুর্শিদাবাদ থেকে মদ্যপান করতে আসে সদ্য তৃণমূলে যোগদানকারী বিধায়ক বাইরন বিশ্বাস। অভিযোগ, কিছুক্ষণ মদ্যপান করার পরই একাংশ ক্রেতার সঙ্গে গোলমালে জড়িয়ে পড়েন বিধায়ক। অভিযোগ, বিধায়কের হয়ে গোলমালে জড়িয়ে পড়েন তাঁর সিকিউরিটিরা। পুরো ঘটনাকে ঘিরে রীতিমতো শোরগোল পড়ে যায় সংশ্লিষ্ট পানশালায়।ঘটনাস্থলে খবর সংগ্রহের জন্য হাজির হওয়া সংবাদ মাধ্যমের কর্মীদেরও মারধর করা হয় বলে অভিযোগ। ঘটনার জেরে রাতেই শান্তিপুর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের হয়। পানশালায় তাণ্ডবের প্রতিবাদে বৃহস্পতিবার শান্তিপুর বিজেপির পক্ষ থেকে জাতীয় সড়ক অবরোধ ঘেরাও করে বিক্ষোভ দেখায় বিজেপি কর্মী সমর্থকরা। বিজেপির শান্তিপুরের নেতা চঞ্চল চক্রবর্তীর অভিযোগ, 'বাইরন একজন লম্পট, কিন্তু উনি মদ খেয়ে শান্তিপুরে এসে মাতলামি করবেন, এটা শান্তিপুরের মানুষ বরদাস্ত করবে না। ফের এমন ঘটনা ঘটলে বাইরনের সাইরেন বাজিয়ে দেব।'

১-ম পাতার পর

## মমতার সঙ্গে স্পেনে যেতে চান কুণাল, আপত্তি করল সিবিআই, প্রশ্ন হাইকোর্টেরও

আপত্তির কথা জানানোর নির্দেশ দিয়েছে বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চ।

এদিন আদালতে সিবিআইয়ের তরফে অভিযোগ করা হয়, 'ছেলের কাছে আমেরিকা যেতে চেয়ে কুণাল ঘোষ আবেদন করেছিলেন। কিন্তু এখন বলা হচ্ছে মুখ্যমন্ত্রীর সঙ্গে অন্য দেশে যেতে চান।' বিচারাধীন অভিযুক্তকে মুখ্যমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে নিয়ে যাওয়া নিয়েও প্রশ্ন তোলেন সিবিআইয়ের আইনজীবী। পাল্টা কুণালের আইনজীবী আদালতে বলেন, 'অভিযুক্ত আর অপরাধী এক নয়। তাঁর মক্কেল শাসকদলের মুখপাত্র। তাই তাঁকে ওই সফরে নিয়ে যাওয়া হচ্ছে।'

১-ম পাতার পর

## আচমকা বিশেষ অধিবেশন ডাকল কেন্দ্র

'অমৃত কালের দিকে তাকিয়ে কার্যকরী আলোচনা'র জন্য এই অধিবেশন।

স্পষ্ট করে কোনও কারণ না জানানোতেই শুরু হয়েছে জল্পনা। সাধারণ ভাবে কোনও বিশেষ সিদ্ধান্ত নেওয়ার জন্যই সংসদে বিশেষ অধিবেশন ডাকা হয়। কিন্তু এ বার ঠিক কোন বিষয়ে আলোচনা চাইছে মোদীর সরকার তা স্পষ্ট নয় বৃহস্পতিবারের সংক্ষিপ্ত এই ঘোষণায়। বছর পার হলেই লোকসভা নির্বাচন। আগেই তার প্রস্তুতি শুরু করে দিয়েছে বিজেপি। কেন্দ্রীয় সরকারের তরফেও শুরু হয়ে গিয়েছে সেই প্রস্তুতি। সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রিসভার সিদ্ধান্তে রান্নার গ্যাসের সিলিন্ডার প্রতি দাম কমানোর পিছনেও লোকসভা নির্বাচনের প্রস্তুতি বলেই মনে করা হচ্ছে। তবে কি আরও বড় কোনও সিদ্ধান্তের জন্যই এই বিশেষ অধিবেশন?

১-ম পাতার পর

## হিন্দু ও জৈন ছাত্রীদের হিজাব পড়া বাধ্যতামূলক নয়, জানাল মধ্যপ্রদেশ হাইকোর্ট

হয়েছে। ঘটনার সূত্রপাত, স্কুলের সাফল্যের খতিয়ান তুলে ধরা হয় একটি ফ্লেক্সে। সখানে বাকি ছাত্রীদের সঙ্গে অভিযোগকারী তিন ছাত্রীকেও হিজাব পড়িয়ে ওই ফ্লেক্সটি দেওয়া হয় বলে অভিযোগ। এরপরই ওই তিন ছাত্রীর পরিবারের তরফে থানায় অভিযোগ জানানো হয়। যদিও স্কুলের তরফে দাবি করা হয়, ওই ছবিতে যেটা হিজাব বলা হচ্ছে, সেটা ভুল। ওটা মাথার স্কার্ফ। ওটা স্কুল ইউনিফর্মেরই অঙ্গ।

## এসআরএফটিআই -এ ৭৫ বছরে ভারতীয় ৭৫টি চলচ্চিত্রর উপর ভিত্তি করে রচিত বই প্রকাশ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আজাদি কা অমৃত মহোৎসব উদযাপনের জন্য দেশ জুড়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অমৃতকালে তথ্য ও সম্প্রচার মন্ত্রকও নানা অনুষ্ঠানের আয়োজন করে। মন্ত্রকের অধীনস্ত প্রকাশনা বিভাগ সাংস্কৃতিক ক্ষেত্রে গত ৭৫ বছরে যেসব সাফল্য অর্জিত হয়েছে সেগুলি তুলে ধরতে নানা কর্মসূচি গ্রহণ করেছে।

প্রকাশনা বিভাগ গত ৭৫ বছরে ভারতের চলচ্চিত্র শিল্পের বিভিন্ন দীর্ঘস্থায়ী সাফল্য সম্বলিত একটি পুস্তক প্রকাশ করেছে। কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইন্সটিটিউটে (এসআরএফটিআই)' ৭৫ ইয়ার্স ৭৫ ফ্লিমস : ইন্ডিয়াজ সিনেমাটিক জার্নি' বইটি প্রকাশিত হয়েছে। এটি লিখেছেন চলচ্চিত্র সমালোচক অমিতাভ নাগ। এই বইতে গত ৭ দশকে নির্মিত ৭৫টি চলচ্চিত্রের উল্লেখ রয়েছে। এই ছবিগুলির মাধ্যমে ভারতের সামাজিক-রাজনৈতিক অবস্থার বিবর্তন সম্পর্কে ধারণা পাওয়া যায়। বই প্রকাশের পাশাপাশি সিনেমা সম্পর্কিত একটি প্রদর্শনিরও আয়োজন করা হয়। এছাড়াও চলচ্চিত্র শিল্পের পরিস্থিতি নিয়ে একটি আলোচনা চক্র অনুষ্ঠিত হয়েছে, যেখানে সদ্য প্রকাশিত বইটি নিয়েও আলোচনা হয়েছে। এই আলোচনায় চলচ্চিত্র সমালোচক সোমা এ চ্যাটার্জি, পিটিআই-এর পূর্বাঞ্চলের কার্যনির্বাহী রেসিডেন্ট এডিটর জয়ন্ত রায়চৌধুরী , পিআইবি কলকাতার প্রধান মহানির্দেশক ভূপেনদ্র কাইন্থোলা, এসআরএফটিআই-এর নির্দেশক হিমাংশু শেখর খাটু এবং লেখক অমিতাভ নাগ অংশগ্রহণ করেন।

## মন্ত্রক রাজ্যগুলিকে স্পষ্ট জানিয়েছে, সুবিধাভোগীদের আধার নম্বর পেশের জন্য অনুরোধ করা হবে, কিন্তু এর জন্য তাদের কাজ বাতিল করা যাবে না

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেন্দ্রীয় সরকারের এটা নজরে এসেছে যে, সুবিধাভোগীদের ঘন ঘন ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর পরিবর্তন করা এবং সেই নতুন অ্যাকাউন্ট নম্বর ঠিক সময়ে আপডেট না করার কারণে বহু ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাঙ্ক মজুরি দিতে অস্বীকার (পুরনো অ্যাকাউন্ট নম্বরে) করছে। সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের সঙ্গে পরামর্শ করে দেখা গেছে, এ ধরনের প্রত্যাখ্যান এড়ানোর সেরা উপায় হল, আধার পেমেন্ট ব্রিজ সিস্টেম (এপিবিএস), যেখানে ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফার (ডিবিটি)-এর মাধ্যমে মজুরি প্রদান করা হয়। এই পদ্ধতি সুবিধাভোগীদের সঠিক সময়ে তাঁদের মজুরি পেতে সহায়ক হবে।

প্রকল্পের ডাটাবেসে একবার আধার নম্বর আপডেট করা হলে, জায়গা পরিবর্তন কিংবা ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর বদল হলেও, সুবিধাভোগীকে অ্যাকাউন্ট নম্বর আপডেট করতে হয় না। আধার নম্বর সংযুক্তির ফলে সুবিধাভোগীর অ্যাকাউন্টে সরাসরি টাকা পৌঁছে যায়। যদি সুবিধাভোগীর একাধিক অ্যাকাউন্ট থাকে (মনরেগা প্রকল্পে যা বিরল), তবে সুবিধাভোগীর একটি অ্যাকাউন্ট নম্বর বেছে নেওয়ার সুযোগ থাকছে। ন্যাশনাল পেমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া (এনপিসিআই)-র পরিসংখ্যান অনুযায়ী, আধার নম্বর সংযুক্ত ডিবিটি-র ক্ষেত্রে সাফল্যের হার ৯৯.৫৫ শতাংশ বা তার বেশি। আধার ভিত্তিক পেমেন্টের ক্ষেত্রে এই সাফল্যের হার প্রায় ৯৮ শতাংশ। এপিবিএস ব্যবস্থা প্রকৃত সুবিধাভোগীকে তাদের প্রাপ্য টাকা পেতে সাহায্য করছে এবং সেই সঙ্গে ভুয়ো সুবিধাভোগীদের নিয়ে দুর্নীতি প্রতিরোধের ক্ষেত্রে এটি হাতিয়ার হয়ে উঠেছে। আধার-ভিত্তিক পেমেন্ট সিস্টেম (এবিপিএস)-এর অগ্রগতি পর্যালোচনা এবং মজুরি প্রদানের যৌথ ব্যবস্থা (এনএসিএইচ ও এবিপিএস রুট) ৩১ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বা পরবর্তী নির্দেশ জারি না হওয়া পর্যন্ত বাড়ানো হয়েছে। সেইসঙ্গে মন্ত্রক রাজ্যগুলিকে স্পষ্ট জানিয়ে দিয়েছে, সুবিধাভোগীদের আধার নম্বর পেশের জন্য অনুরোধ করা হবে, কিন্তু এর জন্য তাদের কাজ বাতিল করা যাবে না। এবিপিএস-এর জন্য উপযুক্ত নয়, এই কারণ দেখিয়ে কোনও শ্রমিকের জব কার্ড বাতিল করা যাবে না। মহাত্মা গান্ধী এনআরইজিএস প্রকল্পের অধীনে ২০১৭ সাল থেকে এপিবিএস চালু রয়েছে। দেশের মানুষের প্রায় সবার আধার নম্বর থাকায়, কেন্দ্রীয় সরকার এখন সুবিধাভোগীদের এবিপিএস ব্যবস্থার আওতায় এনেছে। এর ফলে এবিপিএস-এর সঙ্গে যুক্ত অ্যাকাউন্টে সরাসরি টাকা পৌঁছে যাবে, সেইসঙ্গে নিরাপদ এবং অনেক দ্রুততার সঙ্গে টাকা অ্যাকাউন্টে পৌঁছে যাবে। ১৪.৩৩ কোটি সক্রিয় সুবিধাভোগীর মধ্যে ১৩.৯৭ কোটির আধার রয়েছে। এদের মধ্যে ১৩.৩৪ কোটির আধার নম্বর যাচাই করা হয়েছে। বর্তমানে ৮১.৮৯ শতাংশ কর্মী এবিপিএস-এর জন্য যোগ্য বিবেচিত হয়েছেন। এ বছরের জুলাই মাসে এবিপিএস-এর মাধ্যমে ৮৮.৫১ শতাংশের মজুরি প্রদান করা হয়েছে। মহাত্মা গান্ধী নারেগা প্রকল্পটি প্রয়োজনভিত্তিক এবং এর সঙ্গে বিভিন্ন আর্থিক বিষয়ও জড়িত। সুবিধাভোগীদের কথা বিবেচনা করে টাকা প্রদানের ক্ষেত্রে এবিপিএস পদ্ধতিকেই সেরা হিসেবে বেছে নেওয়া হয়েছে। আধার ভিত্তিক পেমেন্ট ব্যবস্থায় সুবিধাভোগীর অ্যাকাউন্টে টাকা প্রদান করা হয়।

## চন্দ্রযান ৩-এর কারণে দাম বেড়েছে ভারতের, মোদীকে নিয়ে মজার ঘটনায় জয়শংকর!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত ২৩ অগস্ট ভারতীয় সময় সন্ধ্যা ৬টা ৪ মিনিটে চাঁদের মাটিতে পা রাখে চন্দ্রযান ৩-এর ল্যান্ডার মডিউল বিক্রম। সেই সময় ভারতে ছিলেন না প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে তিনি দক্ষিণ আফ্রিকায় ছিলেন। সেখান থেকেই ভার্চুয়াল মাধ্যমে ইসরোর মিশন অপারেশন সেন্টারে যোগ দিয়েছিলেন মোদী।এছাড়া ব্রিকস গোষ্ঠীভুক্ত অন্যান্য দেশগুলির থেকেও ভারত প্রশংসা কুড়িয়ে নিয়েছে এই সাফল্যের ফলে। তাছাড়া বিশ্বের তাবড় দেশ, এমনকী পাকিস্তানও ভারতকে শুভেচ্ছা জানিয়েছে চন্দ্রযান ৩-এর সফল সফট ল্যান্ডিংয়ে। বিজ্ঞানীদের উতসাহিত করেছিলেন। পরে সফল অবতরণের পর বক্তৃতাও রেখেছিলেন।

এদিকে চন্দ্রযান ৩-এর সাফল্যে যে ভারতের কতটা দাম বেড়েছ, সেটা বোঝাতেই বিদেশমন্ত্রী এস জয়শংকর এবার মোদীকে নিয়ে একটি ঘটনা তুলে ধরলেন। এনডিটিভির এক অনুষ্ঠানে জয়শংকর জানান, চন্দ্রযান ৩-এর সাফল্যের পরে দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট দাবি জানান যে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পাশেই বসবেন। শুধু তাই নয়, দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট ইসরোর এই সাফল্যকে নিজের দেশের সাফল্য বলেও আখ্যা দেন। জয়শংকর জানান, দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট নাকি বলেছিলেন, 'প্রধানমন্ত্রী মোদীর পাশে বসলে চন্দ্রযানের সাফল্যের কিছুটা ছোঁয়া আমার গায়েও লাগবে।'

## দিল্লির জি২০ শীর্ষ বৈঠকে সম্ভবত যোগ দিচ্ছেন না শি জিনপিং, থাকবেন না পুতিনও



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ৯ এবং ১০ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অনুষ্ঠিত হবে জি২০-র রাষ্ট্রগোষ্ঠীর শীর্ষ সম্মেলন। সেই সম্মেলনে যোগ দেবেন না রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সে কথা আগেই জানা গিয়েছে। এবার জি২০ সম্মেলনে আসা অনিশ্চিত বলে জানালেন চিনের রাষ্ট্রপতি শি জিনপিং। যদিও এখনও পর্যন্ত সরকারি ভাবে চিনের তরফে কিছু জানানো হয়নি।এর পরে গত বুধবার নয়া মানচিত্র প্রকাশ করে অরুণাচলকে 'নিজেদের' বলে দাবি জানায় চিন। ভুলে ভরা এই মানচিত্র নিয়ে ইতিমধ্যেই কড়া প্রতিক্রিয়া দিয়েছে ভারত। বিদেশমন্ত্রী এস জয়শঙ্করও বেজিংয়ের আচরণের নিন্দা করে বলেন, "বিকৃত মানচিত্র প্রকাশ করা চিনের অভ্যাসে দাঁড়িয়ে গিয়েছে। ভুলভাল দাবি করলেই সেটা সত্যি হয়ে যায় না। অরুণাচল ভারতেরই থাকবে।"

এই পরিস্থিতিতে এ কথা দিনের আলোর মতো স্পষ্ট, যে গালওয়ান পরবর্তী সময়ে চিনের সঙ্গে ভারতের সম্পর্ক এখনও স্বাভাবিক হয়নি। এই অবস্থায় জি ২০ সম্মেলেন শি জিনপিংয়ের উপস্থিতি আলাদা মাত্রা নেওয়ার কথা ছিল, যা আর সম্ভব হবে না বলেই মনে হচ্ছে।তবে চিনের এক ভারতীয় কূটনীতিবিদের সূত্র মারফত জানা গিয়েছে যে, দিল্লিতে আসছেন না শি জিনপিং। বদলে চিনের প্রিমিয়র লি কিয়াং-ই সম্ভবত প্রতিনিধিত্ব করবেন জি ২০ শীর্ষবৈঠকে।

একদিকে পুতিন, অন্যদিকে শি জিনপিং, দুই হেভিওয়েট রাষ্ট্রনায়কের অনুপস্থিতিতে অনেকটাই ভার কমবে জি ২০ সম্মেলনের। তবে আগামী মাসে দিল্লিতে আওজিত জি২০ সম্মেলনে যোগ দেবেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। কূটনৈতিক মহলের অনুমান ছিল, সম্ভবত দিল্লিতে মুখোমুখি হবেন শি জিনপিং ও বাইডেন। এক মঞ্চে দেখা যাবে বিশ্বের সবচেয়ে শক্তিশালী দুই রাষ্ট্রনেতাকে। কিন্তু সম্ভাবনা আর থাকল না বলেই মনে করা হচ্ছে।যদিও প্রথমে ঠিক ছিল জিনপিং আসছেন। তাঁর থাকার বন্দোবস্ত হয়েছিল নয়াদিল্লির 'তাজ প্যালেস'। সেখানে এলাহি খাওয়াদাওয়ার বন্দোবস্তও করা হয়েছিল। তবে পরিকল্পনাই সার। দিল্লিতে আসছেন না শি জিনপিং। তবে তাঁর না আসার কারণটা এখনও জানা যায়নি। অনেকের অনুমান, গত সপ্তাহের ব্রিকস সামিটে চিন ও ভারতের শীর্ষ নেতৃত্বের মধ্যে যে কথাবার্তা হয়েছে, তার জেরেই এই সিদ্ধান্ত। প্রধানমন্ত্রী মোদী চিনা প্রেসিডেন্টকে সাফ জানান, লাদাখে শান্তি ফেরাতে দুই দেশকেই ততপর হতে হবে। পরিস্থিতি শান্ত করতে চিনের দায়িত্বের কথাও স্মরণ করান তিনি।

২ পাতার পর

## নিশ্চিদ্র নিরাপত্তায় ধূপগুড়ির উপনির্বাচন

কয়েকজন করে সশস্ত্র কেন্দ্রীয় বাহিনীর জওয়ানের পাশাপাশি রাজ্য পুলিশকর্মীরাও থাকবেন। এই পর্যাপ্ত সংখ্যক সশস্ত্র নিরাপত্তা ব্যবস্থা থাকায় নির্বিঘ্নে ভোট হবে বলে রাজনৈতিক মহল মনে করছে।কমিশন সূত্রে জানা গিয়েছে ধূপগুড়িতে স্পর্শকাতর বুথের সংখ্যা মাত্র ৩৮টি। মোট ভোটারের সংখ্যা প্রায় ২ লক্ষ ৪৮ হাজার। ধূপগুড়ি বিধানসভা কেন্দ্রে গত নির্বাচনে বিজেপির টিকিটে জয়ী হয়েছিলেন বিষ্ণুপদ রায়। তাঁর মৃত্যুতে এখানে উপনির্বাচন হচ্ছে। এবার বিজেপির প্রার্থী হয়েছেন পুলওয়ামায় শহিদ জওয়ানের স্ত্রী তাপসী রায়। অন্যদিকে কংগ্রেসের সমর্থনে সিপিএমের প্রার্থী হয়েছেন অবসরপ্রাপ্ত শিক্ষক ভাওয়াইয়া সঙ্গীতশিল্পী সামাজিক ন্যায়বিচার মঞ্চের নেতা ঈশ্বরচন্দ্র রায়। আর তৃণমূল প্রার্থী করেছে ড. নির্মলচন্দ্র রায়কে। তিন প্রার্থীই রাজবংশী সমাজের প্রতিনিধি। রাজনৈতিক মহল মনে করছে এই উপনির্বাচনে মূল লড়াইটা হতে চলেছে তৃণমূল এবং বিজেপির মধ্যে। একুশের বিধানসভা নির্বাচনে কংগ্রেসের সমর্থনে ভোটে লড়ে সিপিএম প্রার্থী ছয় শতাংশেরও কম ভোট পেয়েছিলেন। সেবার সাড়ে চার হাজারের বেশি ভোটে তৃণমূল প্রার্থীকে হারিয়ে জয়ী হয়েছিলেন বিজেপির বিষ্ণুপদ রায়। তাই ধূপগুড়ি বিধানসভা কেন্দ্রটি ধরে রাখতে মরিয়া বিজেপি।

এর আগে রাজ্য নির্বাচন কমিশনের অধীনে যে পঞ্চায়েত নির্বাচন হয়েছে সেখানে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে কার্যত 'ছেলেখেলা' হয়েছে বলে বিরোধীদের অভিযোগ। আদালত কেন্দ্রীয় বাহিনীর নির্দেশ দিলেও রাজ্যের অধিকাংশ বুথে তাদের দেখা যায়নি বলে বিরোধীদের দাবি। পঞ্চায়েত নির্বাচনের দিন জেলায় জেলায় ব্যাপক সংঘর্ষে প্রাণ হারিয়েছেন বহু মানুষ। সেই জায়গা থেকে উপনির্বাচন শান্তিপূর্ণ হবে বলে সবারই বিশ্বাস। তাই এই উপনির্বাচনে ঘুরে দাঁড়ানোটা বামেদের কাছে যথেষ্ট চ্যালেঞ্জের।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৪১ সংখ্যা ০১ সেপ্টেম্বর, ২০২৩ শুক্রবার ১৪ ভাদ্র, ১৪৩০

# জীবনে চলার পথে খুঁজে পেয়েছিলাম তাকে



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

সেদিন এই মারা যেতাম। এদিকে পরমানন্দ গিরি নামক এক সাধু মায়ের পূজা করতে করতে মায়ের মুখের মধ্যে আমার মুখ ভেসে ওঠে দেখতেই সেই মুহূর্তে আমাকে ফোন করেছিল, তখন আমি অলরেডি স্টোকের মধ্যে মৃত্যুবরণের কষ্টে উপলব্ধি করছি। উনি জানতে পেরে সাথে সাথে তুলে নিয়ে গিয়ে মায়ের ফুল বেল পাতা দিয়ে আমাকে সেবা করে ,এর পরে একটি নার্সিংহোমে নিয়ে যায় সেখানে চিকিৎসা করে আমি বেঁচে যাই। মা যে কখন কিভাবে কাকে বাঁচাবে ,সে কথা কেউই বলতে পারেনা। আমার চলার পথে তার সম্মুখীন হয়েছি আমি বারবার, নিজে থেকে বহু বার উপলব্ধি করেছি, যে মা আমাকে একমাত্র রক্ষা করছে।তাই আমি বলবো ঈশ্বর জীবের আত্মারূপে জীবের মধ্যে বাস করেন । তাই বলবো জীবের সেবা করলে ঈশ্বরেরই সেবা করা হয় । মানুষ, পশুপাখি, কীটপতঙ্গ এরা সবাই জীব । এদের সেবাও জীব সেবা । উদ্ভিদেরও প্রাণ আছে, তাই ব্যাপক অর্থে এরাও জীব । এদের সেবাও জীব সেবা ।

**হিন্দুধর্ম ও জীবসেবা**

জীবকে সেবা করার প্রেরণার পশ্চাতে রয়েছে ঈশ্বরের সর্বাত্মক অনুভূতি। ঈশ্বর সর্বব্যাপী, সব কিছুর মধ্যেই ঈশ্বর বিদ্যমান । উপনিষদের যুগে বলা হয়েছে, “সবং খল্বিদং ব্রহ্মঃ' - সব কিছুই বহ্ম। গীতায় ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন, 'ঈশ্বরঃসর্বভূতানাং হৃদ্দেশেহর্জুন তিষ্ঠতি'-হে অর্জুন, ঈশ্বর সকল প্রাণীর হৃদয়ে অবস্থিত। জীব সেবাই ঈশ্বর সেবা । সুতরাং ঈশ্বরকে সেবা করতে হলে জীবকে সেবা করতে হবে; জীবকে ভালাবোসতে হবে ।

ঈশ্বর আত্মারূপে সব জীবের মধ্যেই আছেন, আর সেই ঈশ্বর সবার সেব্য । এই বাধে যখন জন্মে, তখন অপরের অনুভূতির সঙ্গে নিজের অনুভূতি এক হয়ে যায় । এ অবস্থায় মানুষ প্রতিটি জীবের আনন্দ বেদনাকে নিজের আনন্দ বেদনা বলে অনুভব করে । ফলে অপরের দুঃখ বেদনাকে নিজের দুঃখ বেদনার ন্যায় দূর করতে প্রয়াসী হয় । তখন সে নিজের সুখ স্বাচ্ছন্দ্য, এমন কি নিজের জীবন পর্যন্ত পরের সেবায় উৎসর্গ করতে দ্বিধাবাধে করে না। এমন এক আদর্শ জীব সেবার দৃষ্টান্ত রয়েছে সিদ্ধার্থ ও দেবদত্তের কাহিনীর মধ্যে ।

সিদ্ধার্থ হল গৌতম বুদ্ধের বাল্য নাম । ছেলেবেলা থেকেই তার হৃদয় ছিল করুণায় ভরা । পশু, পাখি, মানুষ সবার দুঃখেই তার হৃদয় কেঁদে ওঠে। কারও দুঃখ কষ্ট তিনি সহ্য করতে পারেন না ।সিদ্ধার্থ হল গৌতম বুদ্ধের বাল্য নাম । ছেলেবেলা থেকেই তার হৃদয় ছিল করুণায় ভরা । পশু, পাখি, মানুষ সবার দুঃখেই তার হৃদয় কেঁদে ওঠে । কারও দুঃখ কষ্ট তিনি সহ্য করতে পারেন না । এক দিন বিকেল বেলা বালক সিদ্ধার্থ বাগানে বসে আছেন । এমন সময় হঠাৎ তার পায়ের কাছে এসে পড়ল একটি হাঁস। হাঁসটির গায়ে একটি তীর বিদ্ধ হয়ে রয়েছে। আর সে ক্ষতস্থান থেকে দরদর করে রক্ত পড়ছে । এ দৃশ্য দেখে সিদ্ধার্থের হৃদয় করুণায় ভরে গেল । তিনি সস্নেহে হাঁসটির দেহ থেকে তীরটি খুলে ফেললেন এবং গভীর সহানুভূতির সাথে হাঁসটির শুশ্রষা করতে লাগলেন । তখন সেখানে দৌড়ে এসে উপস্থিত হলেন সিদ্ধার্থের খেলার সাথী দেবদত্ত । তিনি বললেন, “সিদ্ধার্থ, হাঁসটি আমি তীরবিদ্ধ করেছি; হাঁসটি আমার । তুমি এটি আমায় দিয়ে দাও ।”

সিদ্ধার্থ বললেন, “না দেবদত্ত, সেটি হয় না । আমি হাঁসটি তামোর হাতে দিতে পারি না ।”

দেবদত্ত বললেন-“কেন দিতে পার না ? এ হাঁসটি তা তোমোর নয় । এটি বুনা হাঁস । আমি এটিকে তীরবিদ্ধ করেছি; হাঁসটি আমার । আমাকে এটি দিয়ে দাও” ।

সিদ্ধার্থ বললেন, “দেবদত্ত, তুমি এ কী বলছ ? তামোর কি সুখ দুঃখের অনুভূতি নেই ? তামোকে আঘাত করলে তুমি যেমন ব্যথা বাধে কর, এ হাঁসটিও তেমনি তামোর শরে আহত হয়ে কষ্ট পাচ্ছে; এখন আমাদের উচিত এর কষ্ট দূর করার ব্যবস্থা করা ।"

দেবদত্ত এবার রেগে বলে উঠলেন, “সিদ্ধার্থ, তামোকে আবার বলছি, হাঁসটি আমাকে দিয়ে দাও ।”

ধীর শান্তভাবে সিদ্ধার্থ বললেন, “দেবদত্ত, তুমি রেগে যাচ্ছ কেন ? নিজের দুঃখ চিন্তা করে পরের দুঃখ বাঝোর চেষ্টা অনুভূতি আছে, আছে প্রাণের প্রতি ভালাবোসা । আর জেনে রাখ, কর । হাঁসটিরও তা তামোর আমার মত সুখ দুঃখের অনুভূতি আছে, আছে প্রাণের প্রতি ভালোবাসা । জীবন নাশ করার চেয়ে জীবন রক্ষা করা অনেক বড় কাজ । সুতরাং হাঁসটি আমি তামোর হাতে মৃত্যুর মুখে দিতে পারি না; এর পরিবর্তে তুমি যা চাইবে তাই তামোকে দেব; তবু হাঁসটি আমি ছাড়ব না ।”

আহত হাঁসটি রক্ষার ব্যাপারে সিদ্ধার্থের দৃঢ়সংকল্প দেখে দেবদত্ত স্তম্ভিত হলেন । জীবের প্রতি সিদ্ধার্থের করুণা তাঁর হৃদয়কেও স্পর্শ করল ।

সিদ্ধার্থ হাঁসটিকে সুস্থ করে আকাশে উড়িয়ে দিলেন । এ গল্পর মধ্যেও আমি এটা বলতে চাই,যাঁর সাথে আমাদের জন্ম জন্মান্তরের সম্পর্ক সেই পরমাত্মাকে এবং তাঁর সৃষ্টিকে জানতে হবে এবং বুঝতে হবে আমরাও কিছু না কিছু কাজ করার উদ্দেশ্যেই এই পৃথিবীতে জন্মগ্রহণ করেছি। জীবজগৎ এবং জগদীশ্বর এর মধ্যে সম্পর্ক কি? গীতা জ্ঞানের মাধ্যমে ভগবান তার গুহ্য রহস্য বর্ণনা করেছেন । ভগবান বলেছেন অষ্টধা প্রকৃতি এবং জীবের মিলনের কারণেই এই সৃষ্টির সমস্ত কাজ সঞ্চালিত হয়। ভগবান স্থুল অবস্থা থেকে সুক্ষ্ম অবস্থায় আসেন, তিনি সমস্ত সত্তার মধ্যেই বিরাজমান। মানুষের মধ্যে সত্ত্ব, রজঃ এবং তম গুণ বর্তমান । এগুলি ভগবানের থেকে সৃষ্টি হলেও ভগবান এই গুণগুলি দ্বারা প্রভাবিত হন না কিন্তু এই গুণাবলী থেকে উৎপন্ন অনুভূতিগুলোর ফলাফল তাদের পরিমাণের শতাংশ অনুযায়ী নেতিবাচক বা ইতিবাচক ভূমিকা পালন করে। আবার প্রত্যেক মানুষের মধ্যে এই গুণগুলির মাত্রা ভিন্ন থাকার কারণে মানুষের স্বভাবও আলাদা প্রকৃতির হয় । কারোর মধ্যে সত্ত্ব গুণ তো কারোর রজঃ গুণ আবার অন্য কারোর মধ্যে তম গুণের মাত্রা অধিক থাকে । এই তিনটি গুণ সবার মধ্যেই থাকে । সত্ত্ব গুণের দ্বারা আমরা জ্ঞানপ্রাপ্ত করি রজঃ গুণের দ্বারা আমরা কর্ম সম্পাদনা করি এবং তম গুণের দ্বারা কর্মের সমাপ্তি ঘটায় । চতুর্দশ ও সপ্তদশ অধ্যায়ে আমরা এই বিষয়ে পড়েছি কিন্তু মানুষ, কাজ করতে ভালোবাসে, তার বুদ্ধি আছে সে কাজ করে এবং সে আরো অনেক কিছুই করতে চায় তবুও এমন একটা সময় আসে যখন সে নিদ্রা যেতে ইচ্ছা করে। রাত্রিকালীন সময়ে সে সমস্ত কাজ বন্ধ করে ঘুমকে প্রাপ্ত করে । অর্থাৎ তম গুণের কারণে মানুষ বিশ্রাম চায়, তাই এই তিনটি গুণই মানুষের জীবনে আবশ্যিক। ভগবান বলেছেন এই গুণগুলি আমার মধ্যে নেই, এই গুণগুলি আমাকে আবদ্ধ করে না, এই গুণগুলি মানুষকে বাঁধে এবং তাই এই তিনটি গুণ দ্বারা তৈরি প্রকৃতি মানুষকে মুগ্ধ করে ।তাই ভগবান বলেন এই যে মায়া তা আমার দ্বারাই সৃষ্টি হয়েছে, আমারই শক্তি সেই কারণেই মানুষ মোহিত হয়ে যায় । পরমাত্মা দ্বারা নির্মিত এই শক্তি, তাই দৈবী, অলৌকিক এবং গুণময়ী, আর সেই গুণগুলি হল সত্ত্ব, রজঃ ও তম ও এই গুণগুলির পরিমাণের শতাংশ অনুযায়ী, মিশ্রণের ফলে আলাদা আলাদা স্বভাবের মানুষ আমার সামনে আসে। ভগবান বলেন আমার মায়া, প্রভাব ও শক্তি কাটিয়ে ওঠা খুবই কঠিন। যেকোনো সময় এই শক্তি মনুষ্যকে ভ্রমিত করে দিতে পারে, অনেক বড় বড় যোগীও আমার মায়া বুঝতে সক্ষম হয়নি । চোদ্দ বছর সমাধিস্থ থাকার পরেও এক সাধু মায়ার প্রভাব থেকে মুক্ত হতে পারেননি। অনেক লোকই প্রশ্ন করে বলেন যে আমরা গীতার অধ্যয়ন তো করি কিন্তু যখনই সংসার জীবনে প্রবেশ করি তখনই সংসারের কর্মকাণ্ডের কারণে সমস্ত কিছুই উল্টোপাল্টা হয়ে যায় । আমরা জানি ক্রোধ করতে নেই, মোহিত হতে নেই, কিন্তু তবুও পুত্রে, ধনে, পদে, প্রতিষ্ঠায় আমরা মোহিত হয়ে যাই। ভগবান বলেন, হে অর্জুন! যে ভগবান তোমার রথের সারথী, তোমার সখা আর সেই তুমি নিজে নরোত্তম হয়ে, ধনুর্ধর হয়ে এবং জ্ঞানপ্রাপ্ত হয়েও মায়ায় আবিষ্ট হও? আপনি আচার্য দ্রোণের জন্য, পিতামহ ভীষ্মের জন্য মোহ এমনকি যুদ্ধক্ষেত্রে অভিমুন্যর জন্যেও ? তোমার হৃদয় কি ছটফট করেনি ? ঠিক এই ভাবেই সংসার আমাদের ব্যাকুল করে তোলে, আমাদের হাসায়, আমাদের কাঁদায়। এই ব্যাকুলতা আমাদের ধর্ম স্থাপনাতাকে ভগ্নোৎসাহিত করে । আত্মবিশ্বাস ভেঙে গেলেও কাজটি করা কঠিন হয় ঠিকই কিন্তু তবুও তো এই মায়ার জগত থেকে বেরিয়ে আসার উপায় আছে ভগবান ? কিছু একটা উপায় বলুন । তখন ভগবান বললেন, আমার শরণাগত হলে মানুষ এই মায়া নদী অনায়াসে পারাপার করতে পারে ।

আমাদের প্রোগ্রামে কোন ভুল থাকলে আমরা প্রোগ্রামারকে ডাকি। বাদকের অজ্ঞুলী হেলনে আনন্দ বেদনার সুর সৃষ্টি হয় যদি বাদকের হাত চেপে ধরা ধরা হয় তাহলে সেই সুর থেমে যায়, ঠিক তেমন ভাবেই এই জগতের আনন্দ বেদনার সৃষ্টিকারী ভগবানের হাত ধরলে তার সাথে বন্ধুত্ব করে নিলে সংসারের মোহ মায়া থেকে মুক্তি লাভ করা যায় । তাই ভগবান এই মায়াকে বর্ণনা করেছেন "ইয়া মা সা মায়া" অর্থাৎ যা দৃশ্যমান নয় তাই দৃশ্যমান হয়। কাঁচের টুকরোর মত মায়াও চিরস্থায়ী নয় । প্রভাব ও ক্ষমতা সবই আমার, তাই এই মায়া থেকে মুক্তির একটাই উপায় তা হলো আমার শরণাপন্ন হওয়া। জ্ঞানেশ্বর মহারাজ বলেছেন হরিণ যেমন জলের সন্ধানে ছুটে বেড়ায় মানুষও তেমন এই জগত সংসারের পিছনে ছুটে বেড়ায় কিন্তু কোন মোহমুক্তি ঘটে না কেবল পরমাত্মার শরণা গত ব্যক্তিই বুঝতে পারেন এই জগত সংসার আসলে একটা মায়া-নদী, একটা ভ্রম মাত্র। টিভিতে দেখানো ধারাবাহিকে আগুন লেগেছে এরকম দৃশ্য দেখালে শিশুরা যাতে ভয় না পায় তাই বাবা-মায়েরা বলেন যে এসবই মিথ্যা । একইভাবে মায়ার কারণে মানুষ জগৎকে বাস্তব বলে মনে করে। একটা সহজ উদাহরণ দেখুন, আমরা যেভাবে টিভির সামনে, কম্পিউটারের সামনে, মোবাইলের সামনে বসে আছি তাতে মনে হয় যে আমরা এক জায়গায় বসে আছি, কিন্তু বাস্তবে এই পৃথিবী নিজেকে প্রদক্ষিণ করছে এবং সূর্যকেও প্রদক্ষিণ করছে। ভগবানও প্রদক্ষিণ করছেন আর এই প্রদক্ষিণের কারণেই আমরাও গতিশীল, কিন্তু গতিশীল হওয়া সত্ত্বেও আমরা নিজেদেরকে স্থির মনে করি, এটা মায়ার প্রভাব। তাই এই মায়া থেকে বের হতে হলে ভগবানের কাছে আত্মসমর্পণ করতে হয়, কিন্তু মানুষ নানা রকমের হয়। হে অর্জুন! কেউ কেউ আমার আশ্রয়ে আসে কিন্তু কেউ কেউ আমাকে বিশ্বাস করে না। এ ধরনের লোকদের বর্ণনা করে পরের শ্লোকে ভগবান তাদের অপবিত্র কর্মের অধিকারী বলেছেন।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**


## সম্পাদকীয়

# লোকসভায় আইএসএফের নজরে অন্তত ১২টি আসন

সম্প্রতি ইমাম-মোয়াজ্জেমদের সম্মেলন মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, "আমি চাই না ফুরফুরা শরিফ রাজনীতিতে প্রবেশ করুক। যেমন চাই না, বেলুড় মঠ রাজনীতিতে আসুক।" কিন্তু ফুরফুরার পিরজাদারা ইতিমধ্যেই লোকসভা ভোটকে লক্ষ্য ধরে রাজনৈতিক অঙ্ক কষা শুরু করে দিয়েছেন।

পঞ্চায়েত ভোটের ফলাফল দেখে আইএসএফ নেতৃত্ব মনে করছেন, তাঁরা এখন কেবল 'ভাঙড়ের পার্টি' নন। রাজ্যের রাজনৈতিক মানচিত্রে তাঁদের বিস্তার ঘটেছে। এক আইএসএফ নেতার কথায়, "পঞ্চায়েত ভোটে তৃণমূলের সন্ত্রাস এবং ভোট লুটের পরেও আমাদের ভোট অভাবনীয় হারে বেড়েছে। লোকসভায় মানুষ ভোট দিতে পারলে ফল অন্য রকম হবে।" যদিও পাশাপাশিই তিনি এটাও মেনে নিচ্ছেন যে, পঞ্চায়েত ভোট আর লোকসভা ভোটের প্রেক্ষাপট কখনওই এক নয়। তা হবেও না। কিন্তু লোকসভা নিয়ে আইএসএফ যে চিন্তাভাবনা শুরু করেছে, তা তাদের কর্মপদ্ধতিতে স্পষ্ট। শেষ পর্যন্ত নওশাদেরা লোকসভা ভোটে ক'টি আসনে প্রার্থী দেবেন, তা সময় বলবে। তবে তেমন কিছু হলে রাজ্যে সংখ্যালঘু ভোটের সমীকরণে বদল হবে কি না, হলেও কোথায় কত বদল হবে, তা নিয়ে বিভিন্ন স্তরে কৌতূহল রয়েছে।রাজ্যের একমাত্র আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি নিজে ফুরফুরা শরিফের পিরজাদা। তাঁর দল আইএসএফ ইতিমধ্যেই লোকসভার লক্ষ্যে আসন ধরে ধরে কৌশল তৈরি করা শুরু করে দিয়েছে। একটি সূত্রের খবর, রাজ্যে ১২টির বেশি লোকসভা আসনে প্রার্থী দেওয়ার পরিকল্পনা করে ফেলেছেন নওশাদেরা। শুধু তা-ই নয়, ওই আসনগুলির মধ্যে একাধিক আসনে ফুরফুরা শরিফের পিরজাদারাই প্রতিদ্বন্দ্বিতা করবেন বলেও দাবি করা হচ্ছে। প্রসঙ্গত, দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের বিধায়ক নওশাদ নিজে ইতিমধ্যেই প্রকাশ্যে জানিয়েছেন, তাঁর দল অনুমোদন করলে তিনি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কেন্দ্র ডায়মন্ড হারবার থেকে লোকসভা ভোটে লড়তে চান।প্রাথমিক ভাবে যা জানা যাচ্ছে, তাতে দেখা যাচ্ছে ওই তালিকায় রয়েছে শ্রীরামপুর, উলুবেড়িয়া, বারাসত, বসিরহাট, মুর্শিদাবাদের তিনটি আসন, মালদহের দু'টি আসন এবং রায়গঞ্জ। এই সব আসনগুলিতে হয় সংখ্যালঘুরাই গরিষ্ঠ নতুবা তাঁরা 'নিয়ন্ত্রক'। তবে শুধুমাত্র সংখ্যালঘু এলাকাতেই নয়, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রামের মতো আদিবাসী অধ্যুষিত আসনগুলিতেও প্রার্থী দিতে পারে আইএসএফ। যদিও এ নিয়ে প্রশ্ন করা হলে নওশাদ কোনও মন্তব্য করতে চাননি। তিনি বলেন, "এ নিয়ে আমি এখন কিছু বলব না।" তবে প্রণিধানযোগ্য বিষয় হল, ভাঙড়ের বিধায়ক ওই প্রসঙ্গে এখন কিছু বলতে না চাইলেও সরাসরি বিষয়টি নাকচও করেননি। 'এখন' বলছেন না বলে যে পরে বলবেন না, তেমনও নয়।২০০৯ সালের লোকসভা নির্বাচন থেকে রাজ্যের সংখ্যালঘু ভোট মমতার দিকেই ঝুঁকে রয়েছে। ক্রমে তা শাসকদলের 'পুঁজি'তে পরিণত হয়েছে বলেও অনেকে মনে করেন। কিন্তু সাগরদিঘি উপনির্বাচনে তৃণমূলের হার এবং বামেদের সমর্থনে কংগ্রেস প্রার্থী বাইরন বিশ্বাসের জয় বাংলার রাজনীতিকে নাড়িয়ে দিয়েছিল। সংখ্যালঘু ভোটের ভবিষ্যত কী হবে তা নিয়ে নানা স্তরে আলোচনা এবং জল্পনা শুরু হয়েছিল। সাগরদিঘির 'ধাক্কা' সামলাতে প্রশাসনিক ও সাংগঠনিক স্তরে ঝাঁকুনি দিতে চেয়েছিলেন মমতা। উদ্দেশ্য ছিল সংখ্যালঘুদের 'বার্তা' দেওয়া। সেই প্রেক্ষিতে নওশাদদের এক ডজনের বেশি লোকসভা আসনে প্রার্থী দেওয়ার পরিকল্পনা তৃণমূলের জন্য কতটা দুশ্চিন্তার হতে পারে? শাসকদলের রাজ্য সম্পাদক তথা মুখপাত্র কুণাল ঘোষ অবশ্য বলছেন, "নওশাদরা ক'টা আসনে প্রার্থী দেবেন, সেই বিষয়টা তাঁদের হাতে নেই। গোটাটাই বিজেপি ঠিক করে দেবে। লোকসভা ভোট মানে দেশ থেকে বিজেপিকে বিদায় দেওয়ার ভোট। সেখানে সংখ্যালঘুরা কখনওই বিজেপির 'বি টিম' আইএসএফকে ভোট দেবেন না। ফলে আমাদের চিন্তিত হওয়ার কিছু নেই।"প্রসঙ্গত, মমতা নিজে কখনও আইএসএফ বা নওশাদের নাম নেন না। কখনও বলেন, 'বিজেপির দালাল', কখনও বলেন, 'হায়দরাবাদের পার্টিটার (আসাদউদ্দিন ওয়াইসির দল 'মিম') মতো ভোটকাটুয়া'। ঘটনাচক্রে, মঙ্গলবার নবান্ন সভাঘরে প্রস্তাবিত 'পশ্চিমবঙ্গ দিবস' নিয়ে সর্বদল বৈঠকেও আমন্ত্রণ জানানো হয়নি। যদিও তাদের এক জন বিধায়ক রয়েছেন। অথচ সিপিএম, কংগ্রেস, এসইউসি, সিপিআই (এম এল) লিবারেশনের মতো রাজ্যে যে দলগুলির কোনও বিধায়ক নেই, তাদেরও ডাকা হয়েছিল। সভায় আমন্ত্রণ জানানো হয়েছিল অখিল ভারতীয় হিন্দু মহাসভাকেও। কিন্তু ডাকা হয়নি নওশাদকে। অনেকে মনে করছেন, সংখ্যালঘুদের বার্তা দিতেই কৌশলে ভাইজানকে আমন্ত্রণ না জানানোর সিদ্ধান্ত নিয়েছিলেন মুখ্যমন্ত্রী তথা তৃণমূলের সর্বময় নেত্রী মমতা।এখন থেকেই আইএসএফের লোকসভা আসনওয়াড়ি পরিকল্পনার মধ্যে 'দ্বিমুখী কৌশল' রয়েছে বলেই অনেকের অভিমত। প্রথমত, সংখ্যালঘু প্রশ্নে তৃণমূলকে 'চাপে' রাখা। দ্বিতীয়ত, সিপিএম এবং কংগ্রেসকে বার্তা দেওয়া। সিপিএম কত আসন আইএসএফকে ছাড়বে, সেটা যেমন এখনও স্পষ্ট নয়, তেমনই অধীর চৌধুরীর বহরমপুর এবং আবু হাসেম (ডালু) খান চৌধুরীর মালদহ দক্ষিণে প্রার্থী দিয়ে আইএসএফ কিয়দংশ সংখ্যালঘু ভোট কেটে নিলে তা কংগ্রেসের জন্য 'বিড়ম্বনাজনক' হবে। একটি অভিমত হল, শাসক তৃণমূলের পাশাপাশি বিরোধী সিপিএম-কংগ্রেসকে আগে থেকে চাপে রাখতেই এই কৌশল নিচ্ছেন নওশাদেরা।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই কম্পনই শরীরে ভেতরে থাকা হাজারো ক্ষতকে নিমেষে সারিয়ে তোলে। শুধু তাই নয়, ব্রেন পাওয়ার বৃদ্ধিতেও বিশেষ ভূমিকা পালন করে এই মন্ত্রটি। আধুনিক কালে এই মন্ত্রটিকে নিয়ে একাধিক গবেষণা হয়েছে।

ক্রমশঃ

· সতর্কীকরণ ·

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## 'কাজরা' গানে 'বউমা' ঐশ্বরিয়ার সঙ্গে নাচ, মুখ খুললেন অমিতাভ



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ২০০৫ সালে শাদ আলী নির্মিত বলিউড সিনেমা 'বান্টি আউর বাবলি' মুক্তি পায়। এ সিনেমায় মুখ্য চরিত্রে অভিনয় করেন রানী মুখার্জি ও অভিষেক বচ্চন। সিনেমাটিতে 'কাজরা রে' শিরোনামে একটি আইটেম গান ছিল। এ গানে ঐশ্বরিয়া রায় বচ্চনের সঙ্গে নাচতে দেখা যায় বাবা-ছেলে। অর্থাৎ অভিষেক বচ্চন ও অমিতাভ বচ্চন।

এ গানের শুটিংয়ের অভিজ্ঞতা কেমন ছিল 'শ্বশুর' অমিতাভ বচ্চনের? বহু বছর পর এ নিয়ে মুখ খুললেন অমিতাভ বচ্চন। এ অভিনেতা বলেন, গানটিতে আমরা তিনজন ছিলাম। তখন ঐশ্বরিয়া আমার বউমা ছিল না, এখন হয়ে গিয়েছে। পেশাদার অভিনেতা হিসেবেই নেচেছিলাম।

২০০৫ সালের ২৭ মে মুক্তি পায় 'বান্টি আউর বাবলি' সিনেমা। ১৪ কোটি রুপি বাজেটের এ সিনেমা বক্স অফিসে আয় করেছিল ৯০ কোটি রুপির বেশি। পরবর্তীতে সিনেমাটির সিক্যুয়েল নির্মিত হলেও তা বক্স অফিসে ব্যর্থ হয়।

উল্লেখ্য, ২০০৭ সালে ভালোবেসে বিয়ে করেন ঐশ্বরিয়া-অভিষেক। ২০১১ সালে এ দম্পতির সংসার আলো করে জন্ম নেয় তাদের কন্যা আরাধ্যা। এখন কাজের চেয়ে স্বামী-সন্তান-সংসার নিয়েই ব্যস্ত সময় পার করছেন ঐশ্বরিয়া।

## সম্পর্ক ভাঙনের গুঞ্জন, যেভাবে জবাব দিলেন অর্জুন-মালাইকা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গত কয়েক দিন ধরেই বলিউডে ফিসফাস প্রেম ভেঙেছে অর্জুন-মালাইকার। 'মাসাবা মাসাবা' খ্যাত অভিনেত্রী ও সামাজিক যোগযোগমাধ্যম প্রভাবী কুশা কপিলার প্রেমে পড়ছেন বনিপুত্র। গুঞ্জন ছড়িয়ে পড়তেই বেজায় রেগে যান মালাইকা। এরপর অর্জুনের বাড়ির লোকদের তার ইনস্টাগ্রাম থেকে আনফলো করে দেন অভিনেত্রী। আরবাজ খানের সঙ্গে ১৮ বছরের দাম্পত্যে ইতি টেনে বিবাহবিচ্ছেদের পথে হাঁটেন মালাইকা অরোরা। তার বছর দুয়েকের মধ্যেই প্রেম পড়েন অর্জুন আপুরের। ১২ বছরের ছোট অর্জুনের সঙ্গে প্রেমে পড়া নিয়ে কম কটাক্ষের মুখে পড়তে হয়নি মালাইকাকে। এবার তাদের প্রেম ভাঙার খবর যেন ছড়িয়ে পড়ল দাবানলের মতো। জল্পনা চলছিলই। অবশেষে নিন্দুকদের মুখ বন্ধ করলেন তারকা যুগল।

তাদের প্রেম ভাঙার খবর থেকে মালাইকার কুশাকে 'আনফলো' করার খবরে যখন ছয়লাপ সেই সময় একসঙ্গে দেখা গেল তাদের।

রবিবার দুপুরে মালাইকার সঙ্গে মধ্যাহ্ন ভোজনে গেলেন অর্জুন। সাদা কো-অর্ড সেটে দেখা গেল অভিনেত্রীকে, কালো প্যান্ট, টি-শার্টে দেখা গেল অর্জুনকে। আলোকচিত্রীদের দেখে এদিন আর পোজ দেননি তারা। সটান গাড়িতে উঠে গেলেন অর্জুন-মালাইকা। তবে ততক্ষণে যা বার্তা দেওয়ার তা স্পষ্ট হয়ে গেছে। তারা যে একসঙ্গেই রয়েছেন সেটাই বুঝিয়ে দিলেন যুগল।

## আবারও একসাথে পর্দায় আসছেন শাহরুখ-অমিতাভ?




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গুঞ্জন শোনা যাচ্ছে, দীর্ঘ ১৭ বছর পর আবারও একসঙ্গে পর্দা ভাগ করে নিতে চলেছেন বলিউডের দুই অভিনেতা অমিতাভ বচ্চন এবং শাহরুখ খান। ২০০৬ সালে 'কাভি আলভিদা না কেহনা' ছবিতে শেষবার দু'জনকে একসঙ্গে দেখা গিয়েছিল।



সদ্য এক্স (টুইটার) হ্যান্ডেলে #অংশঝজক প্রশ্ন-উত্তর পর্বে এক অনুরাগী বিগ বি'র বিষয়ে কিছু বলতে বলেন কিং খানকে। যার উত্তরে শাহরুখ লেখেন, 'এতগুলো বছর পর অমিতাভ বচ্চনের সঙ্গে কাজ করে খুব ভাল লাগল। শুটিং থেকে অনুপ্রাণিত হয়ে এবং আশীর্বাদ নিয়ে ফিরেছি'। বহু বছর পর আবারও বলিউডের শাহেনশা এবং বাদশাকে একসঙ্গে পর্দায় দেখায় জন্যে মুখিয়ে রয়েছে ভক্তরা। উল্লেখ্য, অমিতাভ বচ্চনের জুতোয় পা গলিয়ে 'ডন'এর উত্তরসূরি হয়েছিলেন শাহরুখ। এবার সেই জুতো রণবীর সিংয়ের পায়ে উঠল।

যদিও কোনও ছবিতে অভিনয় করবেন তারা, সেই নিয়ে এখনও তেমন কোনও আপডেট প্রকাশ্যে আসেনি। দুই সুপারস্টারের একসঙ্গে কাজ করার খবরটি সোশ্যাল মিডিয়ায় প্রকাশ্যে আসার পরই জোর জল্পনা শুরু হয়েছে তবে কি রণভীর সিং অভিনীত ডন ৩ ছবিতে ক্যামিও রোলে দেখা যাবে দুই প্রাক্তন ডনকে! উত্তরটা পাওয়ার জন্য আরও কিছুদিন অপেক্ষা করতে হবে।

## শাহরুখের বাড়ির সামনে বিক্ষোভ, পুলিশ মোতায়েন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউড সুপারস্টার শাহরুখ খানের বাড়ি 'মান্নাত'র সামনে বিক্ষোভ হয়েছে। পরিস্থিতি সামাল দিতে শেষ পর্যন্ত পুলিশ মোতায়েন করা হয়।

স্থানীয় একটি সংগঠন অনটাচ ইয়ুথ ফাউন্ডেশনের সদস্যরা প্ল্যাকার্ড হাতে জড়ো হন মান্নাত'র বাইরে। তারা প্রতিবাদ জানাচ্ছেন অনলাইন গেমিং অ্যাপের বিরুদ্ধে।

বিক্ষোভকারীদের ভাষ্য, জনপ্রিয় অভিনেতা ও অভিনেত্রীরা অনলাইন গেমিং অ্যাপের প্রচারে লিপ্ত রয়েছেন। যা যুব সমাজের বিভ্রান্তির কারণ হয়ে দাঁড়াচ্ছে। তরুণদের বিপথগামী করে তুলছে।

এ ছাড়া এই মুহূর্তে শাহরুখ খান এ২৩ গেমিং অ্যাপের মডেলিংয়ে ব্যস্ত সময় পার করছেন। এরই মধ্যে বেশ কয়েকটি প্ল্যাটফর্মে তাকে গেমিং অ্যাপটির হয়ে প্রচার করতে দেখা গেছে। মূলত এ কারণেই শনিবার দুপুরে শাহরুখ খানের বাসভবনের সামনে বিক্ষোভ করেন তারা।

এদিকে, বিক্ষোভকারীরা যাতে বিশৃঙ্খলা না করেন, এ জন্য মান্নাত'র সামনে পুলিশ মোতায়েন করা হয়েছে।

## পাকিস্তান সফরে যাচ্ছেন

# বিসিসিআই সভাপতি




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) সভাপতি রজার বিনি যাচ্ছেন পাকিস্তান সফরে। এই সফরে তার সঙ্গী হচ্ছেন বিসিসিআইয়ের সহসভাপতি রাজিব শুক্লা। দীর্ঘ ১৫ বছর পর ভারতীয় ক্রিকেট বোর্ডের কোনো শীর্ষ প্রতিনিধির পাকিস্তান সফরে যাচ্ছেন।

বুধবার (৩০ আগস্ট) মুলতানে স্বাগতিক পাকিস্তান-নেপাল ম্যাচের মধ্য দিয়ে শুরু হবে এশিয়া কাপের ১৬তম আসর। তার আগে হবে টুর্নামেন্টে উদ্বোধন। এশিয়া কাপের উদ্বোধনী অনুষ্ঠানেই অংশ নিতে পাকিস্তানে সফরে যাচ্ছেন তারা।

ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, এশিয়া কাপ উপলক্ষে পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) আমন্ত্রণে নৈশভোজে অংশগ্রহণ করতে যাচ্ছেন রজার বিনি এবং রাজিব শুক্লা। গত ১৫ অগাস্ট পিসিবি চেয়ারম্যান জাকা আশরাফ আনুষ্ঠানিকভাবে এই আমন্ত্রণ জানান। ওই নৈশভোজে আরও থাকবেন এশিয়া কাপে অংশগ্রহণ করা দলগুলোর বোর্ড কর্তারা।

স্রেফ সৌজন্য সফর করতেই পাকিস্তানে যাচ্ছেন বিনি এবং শুক্লা। আগামী ৩ কিংবা ৫ সেপ্টেম্বর গাদ্দাফি স্টেডিয়ামে এশিয়া কাপের একটি ম্যাচও দেখতে পারেন ভারতীয় ক্রিকেটের এই দুই শীর্ষকর্তা।

২০০৮ সালে পাকিস্তানে অনুষ্ঠিত হয়েছিল এশিয়া কাপ। তখন ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রতিনিধিরা পাকিস্তান সফর করেছিলেন। সেই বছরই মুম্বাইয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানে ভয়াবহ সন্ত্রাসী হামলা হয়। তার পর থেকেই দুই দেশের রাজনৈতিক উত্তেজনা নতুন করে শুরু হয়। এরপর পাকিস্তান দল কয়েকবার ভারতের মাটিতে খেলতে গেলেও ভারতীয় দল আর পাকিস্তানে যায়নি।

## শোয়েব আখতারের অজানা গল্প




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : শোয়েব আখতার। বিশ্বের সবচেয়ে গতিময় বোলার বলা হয়ে থাকে পাকিস্তানি এই পেসারকে। যতটা না নিখুঁত লাইন এবং লেন্থ- তার চেয়েও তিনি বেশি পরিচিত গতির জন্য। সম্প্রতি তার এক অজানা কথা জানালেন নিজেই।

শোয়েব বলেন, আমি যখন ছোট ছিলাম তখন আমার পরিবারের টাকা পয়সা ছিলনা। আমরা খুব গরিব ছিলাম। তখন আমি ক্রিকেট খেলতে পিন্ডি ক্লাবে যেতাম।

তিনি বলেন, বাড়ি যাওয়ার পথে আমি রাস্তার পাশে আখের রসের একটা ঠেলা গাড়ি দেখতে পেতাম। আর আমার আখের রস খুব প্রিয় ছিল। কিন্তু আমার কাছে কোন টাকা ছিল না তাই আখের রস বিক্রি করছিল যে, সেই লোকটিকে বলতাম "আমাকে যদি ফ্রিতে আখের রস খাওয়াও একদিন যখন আমি ক্রিকেট খেলে স্টার হয়ে যাব তখন তোমাকে একটা বড় আখের রস তৈরি করার মেশিন কিনে দেবো"

তিনি আরো বলেন, আমাকে তখন সেই লোকটি বলতো "এখান থেকে চলে যা তুই কি পাগল হয়ে গেছিস নাকি?" একদিন, দুদিন, তিনদিন বলার পর তিন নাম্বার দিন, সেদিন সেই লোকটি আমাকে বলেছিল " তুই শিওর যে তুই ক্রিকেটার হতে পারবি ?" আমি তখন বললাম "আরে বস কি বলছো ? আমাকে দেখো ,তুমি আমার চোখে আগুন দেখো তাহলেই সব বুঝতে পারবা ।" এরপর আস্তে আস্তে আমার সঙ্গে তার বন্ধুত্ব হয়ে গেল।

শোয়েব বলেন, তার সঙ্গে বন্ধুত্ব হওয়ার পর থেকে সে আমাকে এক বছর, দেড় বছর প্রতিদিন টানা আখের রস খাওয়াতে লাগল, টাকা নিলো না আর আমার টাকা দেয়ার মতন অবস্থাও ছিল না, এতটাই গরীব ছিলাম। তারপর যখন আমি পাকিস্তানের জাতীয় দলে সুযোগ পেয়ে আন্তর্জাতিক ক্রিকেট খেলে স্টার হয়ে গেলাম এরপর আমি পাকিস্তানে ফিরে জানতে পারলাম সেই লোকটি মারা গেছে।

পাকিস্তানি এই পেসার বলেন, তাই আমি তার পরিবারের দায়িত্ব নিলাম তারপর একটা আখের রসের দোকান তৈরি করে দিলাম যাতে তার পরিবারের কিছুটা সমস্যা মেটে। তারপর অনেক ইতিহাস আছে, ভারতের সঙ্গে ম্যাচ খেললাম, শচীনের সঙ্গে বন্ধুত্ব হল। পাকিস্তানের মতো ভারতেরও প্রচুর লোক আমাকে ভালোবাসে।

## এমএলএস অভিষেক রাঙানো মেসির দারুণ গোল



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : গোল করে এমএলএসের অভিষেক রাঙালেন মেসি, জেতালেন মায়ামিকে

মেজর লিগ সকারে (এমএলএস) অভিষেক ম্যাচেই গোল পেয়েছেন লিওনেল মেসি। আর তাতেই নিউইয়র্ক রেডবুলের বিপক্ষে ২-০ গোলে জিতেছে ইন্টার মায়ামি। দলের হয়ে অন্য গোলটি করেছেন ডিয়েগো গোমেজ।

এদিন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী তারকাকে প্রথম একাদশে মেসিকে রাখেননি কোচ টাটা মার্টিনো। তবে দ্বিতীয়ার্ধের ৬০ মিনিটে ঠিকই তাকে মাঠে নামানো হয়। তাতেই এমএলএসে অভিষেক হয় ফুটবলের খুদে জাদুকরের। আর সেই অভিষেক ম্যাচটিও লিগস কাপ ও ইউএস ওপেনের মতো গোল দিয়ে রাঙালেন। শুধু তাই নয়, এ নিয়ে মায়ামির জার্সিতে টানা ৯ ম্যাচে গোল করলেন মেসি। এই মুহূর্তে তার গোলের সংখ্যা ১১টি।

রেডবুলের বিপক্ষে ম্যাচের শুরুটা ভালো ছিলো না মেসিবিহীন ইন্টার মায়ামির। প্রথম ৩০ মিনিটে প্রতিপক্ষের পোস্টে কোনো শটই নিতে পারেনি তারা। অন্যদিকে ঘরের মাঠে দারুণ খেলছিলো রেডবুল। কিন্তু কাঙ্খিত গোলের দেখা পায়নি তারা। খেলার ধারার বিপরীতে ৩৭ মিনিটে গোল করে মায়ামিকে লিড এনে দেন গোমেজ।

পেছনে পড়ার পর সমতায় ফিরতে জোর চেষ্টা করে নিউইয়র্ক রেড বুল। ম্যাচে ফেরার সুযোগ পেয়েছিল তারা। প্রথমার্ধের যোগ করা সময়ে নিজেদের ডি-বক্সে ইন্টার ইন্টার মিয়ামির মিডফিল্ডার ডেভিড রুইজের হাতে বল লাগলে পেনাল্টির সিদ্ধান্ত দেন রেফারি। তবে ভিএআরে গিয়ে বদলে যায় সে সিদ্ধান্ত। রিপ্লেতে দেখা যায় বল রুইজের হাতে নয় কাঁধে লেগেছে।

ম্যাচের ৬০তম মিনিটে ভক্তদের অপেক্ষা শেষ হয়। বদলি হিসেবে মাঠে নামেন মেসি। মেসির মাঠে নামার পর আক্রমণের ধাড় বাড়লেও ব্যবধান বাড়াতে পারছিল না মায়ামি। অবশেষে ম্যাচের ৮৯তম মিনিটে লিওনেল মেসির অসাধারণ ফিনিশিংয়ে ২-০ ব্যবধানে লিড নেয় মায়ামি। বাকি সময়ে আর কোনো গোল না হওয়ায় ২-০ গোলের জয় নিয়েই মাঠ ছাড়ে টাটা মার্টিনোর শিষ্যরা।

এ জয়ে এমএলএসের ইস্টার্ন কনফারেন্সের তলানি থেকে এক ধাপ ওপরে উঠে এল ইন্টার মায়ামি। ২৩ ম্যাচে ৬ জয় ও ৩ ড্রয়ে তাদের পয়েন্ট এখন ২১।

## এমবাপ্পের জোড়া গোলে পিএসজির জয়




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : রিয়াল মাদ্রিদে যাওয়া নিয়ে বহু নাটকীয়তার পর আপাতত এক মৌসুম পিএসজিতেই থেকে যাচ্ছেন কিলিয়ান এমবাপ্পে। ধীরে ধীরে নিজের পুরানোরূপে ফিরতেও শুরু করেছেন ফরাসি স্ট্রাইকার।

এবার তার জোড়া গোলে সহজ জয় তুলে নিল পিএসজি।

শনিবার (২৬ আগস্ট) ঘরের মাঠ পার্ক দ্য প্রিন্সেসে লেন্সকে আতিথ্য দিয়েছিল ফরাসি চ্যাম্পিয়নরা। ৩-১ ব্যবধানের জয়ে এমবাপ্পে ছাড়াও গোল পেয়েছেন রিয়াল মাদ্রিদ থেকে পিএসজিতে যোগ দেওয়া মার্কো অ্যাসেনসিও। চলতি মৌসুমে তিন খেলায় এটি প্যারিসের ক্লাবের প্রথম জয়। তবে একদমই খারাপ খেলেনি সফরকারী লেন্স। তাদের শক্ত ডিফেন্সের কারণে জালের দেখা পেতে পিএসজিকে প্রথমার্ধের শেষ মুহূর্ত পর্যন্ত অপেক্ষা করতে হয়েছে। ওয়ারেন জায়ের-এমেরির পাস থেকে দারুণ এক শটে স্বাগতিকদের এগিয়ে দেন স্প্যানিশ ফরোয়ার্ড অ্যাসেন্সিও। ফলে ১-০ লিড নিয়ে এনরিকের দল বিরতিতে যায়।

দ্বিতীয়ার্ধে নেমে ৫২ মিনিটে লিড দ্বিগুণ করে নেয় পিএসজি। লুকাস হারনান্দেজের সঙ্গে দারুণ ওয়ান-টু খেলে প্রায় ১০ গজ দূর থেকে বুলেট গতির এক শটে ব্যবধান বাড়ান এমবাপ্পে। পিএসজির হয়ে ফরাসি লিগ আঁ-তে এটি এমবাপ্পের ১৫০তম গোল। পরে অবশ্য তার পা থেকে আরও একটি গোল এসেছে।

লেন্সের হার অনেকটা নিশ্চিত ছিল। তবে যোগ করা সময়ের শুরুতেই আবারও এমবাপ্পের আঘাত। যা প্রতিপক্ষের সঙ্গে ব্যবধান আরও বাড়িয়ে তোলে। শেষ বাঁশি বাজার আগমুহূর্তে গোল পেয়েছে সফরকারীরাও। দলটির জন্য মরগান গুইলাভোগুই একটা সান্ত্বনার গোল এনে দেন। গত মৌসুমের রানার্স-আপ লেন্স এই মৌসুমে এখনো জয়হীন, দুটি হারের সঙ্গে একটি ড্র। তবে পিএসজি আগের দুটি ড্রয়ের পর এবার একটি জয় পেয়েছে।

## এশিয়া কাপের দলে

# পরিবর্তন আনল পাকিস্তান




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : পাকিস্তানের এশিয়া কাপের দলে যোগ হলেন বাঁহাতি মিডল অর্ডার ব্যাটসম্যান সৌদ শাকিল। তিনি দলে সুযোগ পাওয়ায় বাদ পড়তে হলো তরুণ ব্যাটসম্যান তায়েব তাহিরকে। তবে ১৭ সদস্যের দলে জায়গা হারালেও ট্রাভেলিং রিজার্ভ হিসেবে থাকবেন তাহির।

এশিয়া কাপের জন্য পিসিবির ঘোষিত বাবর আজমের নেতৃত্বাধীন ১৭ সদস্যের দলে একমাত্র নতুন মুখ ছিলেন ইমার্জিং এশিয়া কাপ মাতানো তায়েব তাহির। এর আগে নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজে প্রথম দলে ডাক পেয়েছিলেন তাহির। তবে সেই সিরিজে অভিষেক হয়নি তার।

শাকিলের ওয়ানডে রেকর্ড খুব একটা ভালো নয়। এখন পর্যন্ত ৬ ম্যাচ খেলা শাকিল ৫ ইনিংসে ব্যাটিং করার সুযোগ পেয়ে সব মিলিয়ে রান করেছেন ৭৬। সর্বোচ্চ ইনিংস ৫৬ রানের। গতকাল আফগানিস্তানের সিরিজের সর্বশেষ ওয়ানডেতে খেলার সুযোগ পেয়ে ৬ বলে ৯ রান করে রানআউট হয়েছেন শাকিল। আর এতেই শাকিলের নাম লেখা হয়ে যায় পাকিস্তানের এশিয়া কাপের স্কোয়াডে।

এশিয়া কাপের জন্য পাকিস্তানের পরিবর্তিত স্কোয়াড

আবদুল্লাহ শফিক, বাবর আজম, ফাহিম আশরাফ, ফখর জামান, হারিস রউফ, ইফতিখার আহমেদ, ইমাম উল হক, সৌদ শাকিল, মোহাম্মদ হারিস (উইকেটরক্ষক), মোহাম্মদ নাওয়াজ, রিজওয়ান (উইকেটরক্ষক), এম ওয়াসিম জুনিয়র, নাসিম শাহ, আগা সালমান, শাহীন আফ্রিদি, শাদাব খান, উসামা মীর।

## নিউজিল্যান্ড সিরিজ:

# ছিটকে গেলেন টং, ফিরলেন জর্ডান




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : নিউজিল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের আগে আরেকজন পেসারকে হারাল ইংল্যান্ড। জন টার্নারের পর এবার চোটের কারণে ছিটকে গেলেন জশ টং।

২৫ বছর বয়সী এই পেসারের বদলি হিসেবে অভিজ্ঞ পেসার ক্রিস জর্ডানকে দলে যোগ করেছে ইংল্যান্ড। আয়ারল্যান্ড ও অস্ট্রেলিয়ার বিপক্ষে দুইটি টেস্ট খেলা টং সাদা-বলের ক্রিকেটে অভিষেকের অপেক্ষায় ছিলেন। কিউইদের সঙ্গে চার টি-টোয়েন্টির সিরিজ দিয়ে তার সেই আশা পূরণ হওয়ার সম্ভাবনা ছিল প্রবল। কিন্তু বাধা হয়ে দাঁড়াল চোট। তার চোটের ধরন নিয়ে ইংল্যান্ড দলের পক্ষ থেকে কিছু বলা হয়নি। ক্রিকেট ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফোর খবর, হাতের পেশির চোটে ভুগছেন টং। দা হান্ড্রেডের বাকি অংশে ম্যানচেস্টার অরিজিনালসের প্রতিনিধিত্ব করতে পারবেন না তিনি।

গত মার্চে বাংলাদেশ সফরে ইংল্যান্ডের হয়ে টি-টোয়েন্টি খেলেছেন জর্ডান। ৩৪ বছর বয়সী এই পেসার এখন পর্যন্ত দেশের হয়ে এই সংস্করণে ৮৭ ম্যাচ খেলে নিয়েছেন ৯৬ উইকেট।

আগামী বুধবার চেস্টার-লি-স্ট্রিটে শুরু ইংল্যান্ড-নিউ জিল্যান্ডের টি-টোয়েন্টি সিরিজ। পরের তিন ম্যাচ হবে যথাক্রমে ১, ৩ ও ৫ সেপ্টেম্বর।

## রদ্রির শেষের গোলে

# ম্যানসিটির জয়



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : ডাগ আউটে পেপ গার্দিওলা থাকা মানে বিশাল এক ভরসা। প্রতিপক্ষের কৌশল বুঝে, দলের কৌশল একটু এদিক-ওদিক করে মুহূর্তে ম্যাচের দৃশ্য বদলে দিতে পারেন তিনি। কোমরের সার্জারি করানোয় শেফিল্ড ইউনাইটেডের বিপক্ষে ডাগ আউটে ছিলেন না পেপ। সেটাই যেন বড় তারকা হারানোর মতো অনুভূত হয়েছে সিটিজেনদের। রোববার শেফিল্ডের বিপক্ষে কষ্টে জিততে হয়েছে ম্যানসিটির। ম্যাচের শেষ দিকে মিডফিল্ডার রদ্রি গোল করে দলকে ২-১ ব্যবধানে জয় এনে দিয়েছেন। এনে দিয়েছেন গুরুত্বপূর্ণ তিন পয়েন্ট। ম্যানসিটি ম্যাচের প্রথমার্ধে গোল শূন্য সমতায় শেষ করে। দায় দলটির স্ট্রাইকার আর্লিং হ্যালন্ডের। পেনাল্টি থেকে গোল করতে পারেনি গোলমেশিন খ্যাত এই নাম্বার নাইন। দ্বিতীয়ার্ধে ভুল শোধরান হ্যালন্ড। নরওয়েজিয়ান এই স্ট্রাইকার ৬৩ মিনিটে দলকে লিড এনে দেন। তাকে দিয়ে গোল করান জ্যাক গ্রেলিস। তবে গোল শোধ করে দেয় শেফিল্ড ইউনাইটেড। জাইডেন বগলা ৮৫ মিনিটে গোল করে ম্যানসিটিকে পয়েন্ট হারানোর পথে ঠেলে দেন।

ওই ধাক্কাও ম্যানসিটি নসামলে ওঠে রদ্রির গোলে। তিনি ম্যাচের ৮৮ মিনিটে জালে বল পাঠিয়ে দেন। তাকে গোল করান ফিল ফোডেন। জয় নিয়ে মাঠ ছাড়ে গত মৌসুমের ট্রেবল জয়ীরা।

## কেন ম্যানসিটির

# ডাগ আউটে নেই গার্দিওলা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : শেফিল্ড ইউনাইটেডের বিপক্ষে প্রিমিয়ার লিগের ম্যাচ খেলতে মাঠে নেমেছে ম্যানচেস্টার সিটি। তবে ওই ম্যাচে সিটিজেনদের ডাগ আউটে নেই পেপ গার্দিওলা। এই ম্যাচে ম্যানসিটির কোচের দায়িত্ব পালন করছেন গার্দিওলার সহকারী কোচ হুয়ান ম্যানুয়েল লিলো। কিন্তু গার্দিওলা কেন ডাগ আউটে নেই। বিবৃতি দিয়ে কারণ জানিয়েছে ম্যানসিটি কর্তৃপক্ষ। তারা জানিয়েছে, গার্দিওলা কোমরের ব্যথায় ভুগতে থাকায় তার সার্জারি করানো হয়েছে। অনেকদিন ধরে সমস্যা ভোগ করার পর গত সপ্তাহে সার্জারি করানো হয়েছে তার। পূর্ণ সুস্থ হওয়ার আগে ম্যানসিটির ডাগ আউটে দাঁড়াতে পারবেন না পেপ। সিটিজেনদের ট্রেনিং ক্যাম্পেও থাকবেন না এই স্প্যানিশ কোচ। সেক্ষেত্রে তার কয়েক সপ্তাহ লেগে যেতে পারে। ততদিন দায়িত্ব চালিয়ে যাবেন ম্যানুয়েল লিলো। ম্যানসিটি বিবৃতিতে বলেছে, 'পেপ গার্দিওলা কিছুদিন ধরেই কোমরের গুরুতর ব্যথায় ভুগছিলেন। সেজন্য তিনি জরুরি বার্সেলোনায় ফিরে গেছেন এবং কোমরে সার্জারি করিয়েছেন। তার সার্জারি সফল হয়েছে এবং পেপ সুস্থ হওয়ার প্রক্রিয়ায় আছেন।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক : ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR